

THE CONSTITUTION OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

[বিসমিল্লাহির-রহমানির রহিম
(দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)]

প্রস্তাবনা

আমরা, বাংলাদেশের জনগণ, ১৯৭১ খ্রীষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করিয়া [জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের] মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রতিষ্ঠিত করিয়াছি ;

[আমরা অস্বীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় স্বাধীনতার জন্য যুদ্ধে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল সর্বশক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, জাতীয়তাবাদ, গণতন্ত্র এবং সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচারের সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ;]

আমরা আরও অস্বীকার করিতেছি যে, আমাদের রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হইবে গণতান্ত্রিক পদ্ধতিতে এমন এক শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজের প্রতিষ্ঠা— যেখানে সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হইবে ;

আমরা দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে, আমরা যাহাতে স্বাধীন সত্তায় সমৃদ্ধি লাভ করিতে পারি এবং মানবজাতির প্রগতিশীল আশা-আকাঙ্ক্ষার সহিত সঙ্গতিরক্ষা করিয়া আন্তর্জাতিক শান্তি ও সহযোগিতার ক্ষেত্রে পূর্ণ ভূমিকা পালন করিতে পারি, সেইজন্য বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তিস্বরূপ এই সংবিধানের প্রাধান্য অক্ষুণ্ণ রাখা এবং ইহার রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান আমাদের পবিত্র কর্তব্য ;

এতদ্বারা আমাদের এই গণপরিষদে, অদ্য তের শত উনআশী বঙ্গাব্দের কার্তিক মাসের আঠার তারিখ, মোতাবেক উনিশ শত বাহাত্তর খ্রীষ্টাব্দের নভেম্বর মাসের চার তারিখে, আমরা এই সংবিধান রচনা ও বিধিবদ্ধ করিয়া সমবেতভাবে গ্রহণ করিলাম ।

¹The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে সন্নিবেশিত ।

² উপরোক্ত আদেশবলে "জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত ।

³ উপরোক্ত আদেশবলে দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত ।

¹[BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM

(In the name of Allah, the Beneficent, the Merciful)]

PREAMBLE

We, the people of Bangladesh, having proclaimed our independence on the 26th day of March, 1971 and through ²[a historic war for national independence], established the independent, sovereign People's Republic of Bangladesh ;

³[Pledging that the high ideals of absolute trust and faith in the Almighty Allah, nationalism, democracy and socialism meaning economic and social justice, which inspired our heroic people to dedicated themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the war for national independence, shall be the fundamental principles of the Constitution ;]

Further pledging that it shall be a fundamental aim of the State to realise through the democratic process a socialist society, free from exploitation—a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens ;

✓Affirming that it is our sacred duty to safeguard, protect and defend this Constitution and to maintain its supremacy as the embodiment of the will of the people of Bangladesh so that we may prosper in freedom and may make our full contribution towards international peace and co-operation in keeping with the progressive aspirations of mankind ; ✓

In our Constituent Assembly, this eighteenth day of Kartick, 1379 B.S. corresponding to the fourth day of November, 1972 A. D., do hereby adopt, enact and give to ourselves this Constitution.

¹ Inserted by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

² Substituted for the words "a historic struggle for national liberation", *ibid.*

³ Substituted for the former second paragraph. *ibid.*

প্রথম ভাগ

প্রজাতন্ত্র

প্রজাতন্ত্র।

১। বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র, যাহা "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" নামে পরিচিত হইবে।

প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা।

২। প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত হইবে

(ক) ১৯৭১ খ্রীষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা-ঘোষণার অব্যবহিত পূর্বে যে সকল এলাকা লইয়া পূর্ব পাকিস্তান গঠিত ছিল [এবং সংবিধান (তৃতীয় সংশোধন) আইন, ১৯৭৪-এ অন্তর্ভুক্ত এলাকা বলিয়া উল্লিখিত এলাকা, কিন্তু উক্ত আইনে বহির্ভূত এলাকা বলিয়া উল্লিখিত এলাকা তদবহির্ভূত; এবং]

(খ) যে সকল এলাকা পরবর্তীকালে বাংলাদেশের সীমানাভুক্ত হইতে পারে।

রাষ্ট্রধর্ম।

২। প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে অন্যান্য ধর্মও প্রজাতন্ত্রে শান্তিতে পালন করা যাইবে।

রাষ্ট্রভাষা।

৩। প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা।

জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক।

৪। (১) প্রজাতন্ত্রের জাতীয় সঙ্গীত "আমার সোনার বাংলা"র প্রথম দশ চরণ।

(২) প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত।

(৩) প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক হইতেছে উভয় পার্শ্বে ধান্যশীর্ষবেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পুষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পর-সংযুক্ত পত্র, তাহার উভয় পার্শ্বে দুইটি করিয়া তারকা।

(৪) উপরি-উক্ত দফাসমূহ-সাপেক্ষে জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক সম্পর্কিত বিধানাবলী আইনের দ্বারা নির্ধারিত হইবে।

রাজধানী।

৫। (১) প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা।

^১ সংবিধান (তৃতীয় সংশোধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৭৪ নং আইন)-এর ৩ ধারাবলে " ; এবং" এর পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩০ নং আইন)-এর ২ ধারাবলে সন্নিবেশিত।

PART 1

THE REPUBLIC

1. Bangladesh is a unitary, independent, sovereign Republic to be known as the People's Republic of Bangladesh. **The Republic.**

2. The territory of the Republic shall comprise—

The territory of the Republic.

(a) the territories which immediately before the proclamation of independence on the 26th day of March, 1971 constituted East Pakistan ¹[and the territories referred to as included territories in the Constitution (Third Amendment) Act, 1974, but excluding the territories referred to as excluded territories in that Act ; and]

(b) such other territories as may become included in Bangladesh.

²[2A. The state religion of the Republic is Islam, but other religions may be practised in peace and harmony in the Republic.] **The state religion.**

3. The state language of the Republic is ³[Bangla].

The state language.

4. (1) The national anthem of the Republic is the first ten lines of "Amar Sonar Bangla". **National anthem, flag and emblem.**

(2) The national flag of the Republic shall consist of a circle, coloured red throughout its area, resting on a green background.

(3) The national emblem of the Republic is the national flower *Shapla* (nymphoea-nouchali) resting on water, having on each side an ear of paddy and being surmounted by three connected leaves of jute with two stars on each side of the leaves.

(4) Subject to the foregoing clauses, provisions relating to the national anthem, flag and emblem shall be made by law.

5. (1) The capital of the Republic is ⁴[Dhaka].

The capital.

¹Substituted for the semi-colon and word "; and" by the Constitution (Third Amendment) Act, 1974 (Act LXXIV of 1974), s. 3.

²Article 2A was inserted by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), s. 2.

³Substituted for the word "Bengali", *ibid.*, s. 3.

⁴Substituted for the word "Dacca" *ibid.*, s. 4.

(২) রাজধানীর সীমানা আইনের দ্বারা নির্ধারিত হইবে।

নাগরিকত্ব।

^১[৬।(১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।]

সংবিধানের
প্রাধান্য।

৭। (১) প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ : এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে।

(২) জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।

(2) The boundaries of the capital shall be determined by law.

¹[6. (1) The citizenship of Bangladesh shall be determined and Citizenship regulated by law.

(2) The citizens of Bangladesh shall be known as Bangladeshis.]

~~(7)~~ (1) All powers in the Republic belong to the people, and their Supremacy of the exercise on behalf of the people shall be effected only under, and by the Constitution authority of, this Constitution.

(2) This Constitution is, as the solemn expression of the will of the people, the supreme law of the Republic, and if any other law is inconsistent with this Constitution that other law shall, to the extent of the inconsistency be void.

¹Article 6 was substituted for the former article 6 by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

দ্বিতীয় ভাগ

রাষ্ট্রপরিচালনার মূলনীতি

মূলনীতিসমূহ।

৮। (১) সর্ব-শক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, জাতীয়তাবাদ, গণতন্ত্র এবং সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচার—এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এইভাবে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।

(১ক) সর্ব-শক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাসই হইবে যাবতীয় কার্যাবলীর ভিত্তি।]

(২) এই ভাগে বর্ণিত নীতিসমূহ বাংলাদেশ-পরিচালনার মূলসূত্র হইবে, আইন-প্রণয়নকালে রাষ্ট্র তাহা প্রয়োগ করিবেন, এই সংবিধান ও বাংলাদেশের অন্যান্য আইনের ব্যাখ্যাদানের ক্ষেত্রে তাহা নির্দেশক হইবে এবং তাহা রাষ্ট্র ও নাগরিকদের কার্যের ভিত্তি হইবে, তবে এই সকল নীতি আদালতের মাধ্যমে বলবৎযোগ্য হইবে না।

স্থানীয় শাসন-
সংক্রান্ত প্রতিষ্ঠান-
সমূহের উন্নয়ন।

(১৮) রাষ্ট্র সংশ্লিষ্ট এলাকার প্রতিনিধিগণ সমন্বয়ে গঠিত স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ দান করিবেন এবং এই সকল প্রতিষ্ঠানসমূহে কৃষক, শ্রমিক এবং মহিলাদিগকে যথাসম্ভব বিশেষ প্রতিনিধিত্ব দেওয়া হইবে।

জাতীয় জীবনে
মহিলাদের
অংশগ্রহণ।

১০। জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করিবার ব্যবস্থা গ্রহণ করা হইবে।]

গণতন্ত্র ও
মানবাধিকার।

(১১) প্রজাতন্ত্র হইবে একটি গণতন্ত্র, যেখানে মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, মানবসত্তার মর্যাদা ও মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত হইবে [এবং প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত হইবে]।

* * * * *

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে (১) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ উপরোক্ত আদেশবলে ৯ এবং ১০ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২ ধারাবলে সন্নিবেশিত যাহা সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ২ ধারাবলে বিলুপ্ত হইয়াছিল।

^৪ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-বলে "১২। ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।" অনুচ্ছেদটি বিলুপ্ত।

PART II



FUNDAMENTAL PRINCIPLES OF STATE POLICY

8. ¹[(1) The principles of absolute trust and faith in the Almighty Allah, nationalism, democracy and socialism meaning economic and social justice, together with the principles derived from them as set out in this Part, shall constitute the fundamental principles of state policy.]

Fundamental principles.

(1A) Absolute trust and faith in the Almighty Allah shall be the basis of all actions.]

(2) The principles set out in this Part shall be fundamental to the governance of Bangladesh, shall be applied by the State in the making of laws, shall be a guide to the interpretation of the Constitution and of the other laws of Bangladesh, and shall form the basis of the work of the State and of its citizens, but shall not be judicially enforceable.

²[9. The State shall encourage local Government institutions composed of representatives of the areas concerned and in such institutions special representation shall be given, as far as possible, to peasants, workers and women.]

Promotion of local Government institutions.

³10. Steps shall be taken to ensure participation of women in all spheres of national life.]

Participation of women in national life.

11. The Republic shall be a democracy in which fundamental human rights and freedoms and respect for the dignity and worth of the human person shall be guaranteed ³ ⁴, and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured].

Democracy and human rights.

5* * * * *

¹ Substituted for the former clause (1) by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

² Substituted for the former articles 9 and 10. *ibid.*

³ The comma and words " , and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured" were omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975, s. 2.

⁴ Inserted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s.

⁵ Article *12. Secularism and freedom of religion.* was omitted by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

মালিকানাধীন নীতি।

১৩। উৎপাদনবস্ত্র, উৎপাদনব্যবস্থা ও বস্তুনিষ্ঠপ্রণালীসমূহের মালিক বা নিয়ন্ত্রক হইবেন জনগণ এবং এই উদ্দেশ্যে মালিকানা-ব্যবস্থা নিম্নরূপ হইবে :

- (ক) রাষ্ট্রীয় মালিকানা, অর্থাৎ অর্থনৈতিক জীবনের প্রধান প্রধান ক্ষেত্র লইয়া সৃষ্ট ও গতিশীল রাষ্ট্রায়ত্ত্ব সরকারী খাত সৃষ্টির মাধ্যমে জনগণের পক্ষে রাষ্ট্রের মালিকানা :
- (খ) সমবায়ী মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে সমবায়সমূহের সদস্যদের পক্ষে সমবায়সমূহের মালিকানা ; এবং
- (গ) ব্যক্তিগত মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে ব্যক্তির মালিকানা।

কৃষক ও শ্রমিকের মুক্তি।

১৪। রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে মেহনতী মানুষকে—কৃষক ও শ্রমিককে—এবং জনগণের অনগ্রসর অংশসমূহকে সকল প্রকার শোষণ হইতে মুক্তি দান করা।

মৌলিক প্রয়োজনের ব্যবস্থা।

১৫। রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদনশক্তির ক্রমবৃদ্ধিসাধন এবং জনগণের জীবনযাত্রার বস্ত্রগত ও সংস্কৃতিগত মানের দৃঢ় উন্নতিসাধন, যাহাতে নাগরিকদের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ অর্জন নিশ্চিত করা যায় :

- (ক) অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা ;
- (খ) কর্মের অধিকার, অর্থাৎ কর্মের গুণ ও পরিমাণ বিবেচনা করিয়া যুক্তিসঙ্গত মজুরীর বিনিময়ে কর্মসংস্থানের নিশ্চয়তার অধিকার ;
- (গ) যুক্তিসঙ্গত বিশ্রাম, বিনোদন ও অবকাশের অধিকার ; এবং
- (ঘ) সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পশুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ষিক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়তাতীত কারণে অভাবগ্রস্ততার ক্ষেত্রে সরকারী সাহায্যলাভের অধিকার।

গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব।

১৬। নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষিবিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা।

১৭। রাষ্ট্র

- (ক) একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত সকল বালক-বালিকাকে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষাদানের জন্য :

13. The people shall own or control the instruments and means of production and distribution, and with this end in view ownership shall assume the following forms— **Principles of ownership.**

- (a) state ownership, that is ownership by the State on behalf of the people through the creation of an efficient and dynamic nationalised public sector embracing the key sectors of the economy ;
- (b) co-operative ownership, that is ownership by co-operatives on behalf of their members within such limits as may be prescribed by law ; and
- (c) private ownership, that is ownership by individuals within such limits as may be prescribed by law.

14. It shall be a fundamental responsibility of the State to emancipate the toiling masses—the peasants and workers—and backward sections of the people from all forms of exploitation. **Emancipation of peasants and workers.**

15. It shall be a fundamental responsibility of the State to attain, through planned economic growth, a constant increase of productive forces and a steady improvement in the material and cultural standard of living of the people, with a view to securing to its citizens— **Provision of basic necessities.**

- (a) the provision of the basic necessities of life, including food, clothing, shelter, education and medical care ;
- (b) the right to work, that is the right to guaranteed employment at a reasonable wage having regard to the quantity and quality of work ;
- (c) the right to reasonable rest, recreation and leisure ; and
- (d) the right to social security, that is to say, to public assistance in cases of undeserved want arising from unemployment, illness or disablement, or suffered by widows or orphans or in old age, or in other such cases.

16. The State shall adopt effective measures to bring about a radical transformation in the rural areas through the promotion of an agricultural revolution, the provision of rural electrification, the development of cottage and other industries, and the improvement of education, communications and public health, in those areas, so as progressively to remove the disparity in the standards of living between the urban and the rural areas. **Rural development and agricultural revolution.**

17. The State shall adopt effective measures for the purpose of— **Free and compulsory education.**

- (a) establishing a uniform, mass-oriented and universal system of education and extending free and compulsory education to all children to such stage as may be determined by law ;

(খ) সমাজের প্রয়োজনের সহিত শিক্ষাকে দ্রুতপূর্ণ করিবার জন্য এবং সেই প্রয়োজন দৃষ্ট করিবার উদ্দেশ্যে যথেষ্ট প্রশিক্ষণপ্রাপ্ত ও সনিচ্ছাপ্রণোদিত নাগরিক সৃষ্টির জন্য ;

(গ) আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করিবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

জনস্বাস্থ্য ও
নৈতিকতা।

১৮। (১) জনগণের পুষ্টির স্তর-উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতিসাধনকে রাষ্ট্র অন্যতম প্রাথমিক কর্তব্য বলিয়া গণ্য করিবেন এবং বিশেষতঃ আরোগ্যের প্রয়োজন কিংবা আইনের দ্বারা নির্দিষ্ট অন্যবিধ প্রয়োজন ব্যতীত মদ্য ও অন্যান্য মাদক পানীয় এবং স্বাস্থ্যহানিকর ভেজের ব্যবহার নিষিদ্ধকরণের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) গণিকাবৃত্তি ও জুয়াখেলা নিরোধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

সুযোগের সমতা।

১৯। (১) সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করিতে রাষ্ট্র সচেষ্ট হইবেন।

(২) মানুষে মানুষে সামাজিক ও অর্থনৈতিক অসাম্য বিলোপ করিবার জন্য, নাগরিকদের মধ্যে সম্পদের সুখম বন্টন নিশ্চিত করিবার জন্য এবং প্রজাতন্ত্রের সর্বত্র অর্থনৈতিক উন্নয়নের সমান স্তর অর্জনের উদ্দেশ্যে সুখম সুযোগ-সুবিধাদান নিশ্চিত করিবার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

অধিকার ও কর্তব্য-
রূপে কর্ম।

২০। (১) কর্ম হইতেছে কর্মক্ষম প্রত্যেক নাগরিকের পক্ষে অধিকার, কর্তব্য ও সম্মানের বিষয়, এবং "প্রত্যেকের নিকট হইতে যোগ্যতানুসারে ও প্রত্যেককে কর্মানুযায়ী"—এই নীতির ভিত্তিতে প্রত্যেকে স্বীয় কর্মের জন্য পারিশ্রমিক লাভ করিবেন।

(২) রাষ্ট্র এমন অবস্থা সৃষ্টি করিবেন, যেখানে সাধারণ নীতি হিসাবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না এবং যেখানে বুদ্ধিবৃত্তিমূলক ও কায়িক—সকল প্রকার শ্রম সৃষ্টিধর্মী প্রয়াসের ও মানবিক ব্যক্তিত্বের পূর্ণতর অভিব্যক্তিতে পরিণত হইবে।

নাগরিক ও সরকারী
কর্মচারীদের কর্তব্য।

২১। (১) সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিকদায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য।

(২) সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।

নির্বাহী বিভাগ হইতে
বিচার বিভাগের
পৃথকীকরণ।

২২। রাষ্ট্রের নির্বাহী অঙ্গসমূহ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ রাষ্ট্র নিশ্চিত করিবেন।

- (b) relating education to the needs of society and producing properly trained and motivated citizens to serve those needs ;
- (c) removing illiteracy within such time as may be determined by law.

18. (1) The State shall regard the raising of the level of nutrition and the improvement of public health as among its primary duties, and in particular shall adopt effective measures to prevent the consumption, except for medical purposes or for such other purposes as may be prescribed by law, of alcoholic and other intoxicating drinks and of drugs which are injurious to health.

Public health and morality.

(2) The State shall adopt effective measures to prevent prostitution and gambling.

19. (1) The State shall endeavour to ensure equality of opportunity to all citizens.

Equality of opportunity.

(2) The State shall adopt effective measures to remove social and economic inequality between man and man and to ensure the equitable distribution of wealth among citizens, and of opportunities in order to attain a uniform level of economic development throughout the Republic.

20. (1) Work is a right, a duty and a matter of honour for every citizen who is capable of working, and everyone shall be paid for his work on the basis of the principle "from each according to his abilities to each according to his work".

Work as a right and duty.

(2) The State shall endeavour to create conditions in which, as a general principle, persons shall not be able to enjoy unearned incomes, and in which human labour in every form, intellectual and physical, shall become a fuller expression of creative endeavour and of the human personality.

21. (1) It is the duty of every citizen to observe the Constitution and the laws, to maintain discipline, to perform public duties and to protect public property.

Duties of citizens and of public servants.

(2) Every person in the service of the Republic has a duty to strive at all times to serve the people.

22. The State shall ensure the separation of the judiciary from the executive organs of the State.

Separation of Judiciary from the executive.

জাতীয় সংস্কৃতি।

২৩। রাষ্ট্র জনগণের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকার রক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন এবং জাতীয় ভাষা, সাহিত্য ও শিল্পকলাসমূহের এমন পরিপোষণ ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করিবেন, যাহাতে সর্বস্তরের জনগণ জাতীয় সংস্কৃতির সমৃদ্ধিতে অবদান রাখিবার ও অংশগ্রহণ করিবার সুযোগ লাভ করিতে পারেন।

জাতীয় স্মৃতিনিদর্শন
গ্রহণ।

২৪। বিশেষ শৈল্পিক কিংবা ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন বা তাৎপর্যমণ্ডিত স্মৃতিনিদর্শন, বস্তু বা স্থানসমূহকে বিকৃতি, বিনাশ বা অপসারণ হইতে রক্ষা করিবার জন্য রাষ্ট্র ব্যবস্থা গ্রহণ করিবেন।

আন্তর্জাতিক শান্তি,
নিরাপত্তা ও সংহতির
উন্নয়ন।

২৫। ১(১) জাতীয় সার্বভৌমত্ব ও সমতার প্রতি শ্রদ্ধা, অন্যান্য রাষ্ট্রের আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান এবং আন্তর্জাতিক আইনের ও জাতিসংঘের সনদে বর্ণিত নীতিসমূহের প্রতি শ্রদ্ধা—এই সকল নীতি হইবে রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি এবং এই সকল নীতির ভিত্তিতে রাষ্ট্র

(ক) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তিপ্রয়োগ পরিহার এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য চেষ্টা করিবেন ;

(খ) প্রত্যেক জাতির স্বাধীন অভিপ্রায়-অনুযায়ী পথ ও পন্থার মাধ্যমে অবাধে নিজস্ব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা নির্ধারণ ও গঠনের অধিকার সমর্থন করিবেন ; এবং

(গ) সাম্রাজ্যবাদ, ঔপনিবেশিকতাবাদ বা বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে বিশ্বের সর্বত্র নিষিদ্ধিত জনগণের ন্যায়সজাত সংগ্রামকে সমর্থন করিবেন।

১(২) রাষ্ট্র ইসলামী সংহতির ভিত্তিতে মুসলিম দেশসমূহের মধ্যে ভ্রাতৃত্ব সম্পর্ক সংহত, সংরক্ষণ এবং জোরদার করিতে সচেষ্ট হইবেন।

23. The State shall adopt measures to conserve the cultural traditions and heritage of the people, and so to foster and improve the national language, literature and the arts that all sections of the people are afforded the opportunity to contribute towards and to participate in the enrichment of the national culture. **National culture.**

24. The State shall adopt measures for the protection against disfigurement, damage or removal of all monuments, objects or places or special artistic or historic importance or interest. **National monuments, etc.**

25. ¹[(1)] The State shall base its international relations on the principles of respect for national sovereignty and equality, non-interference in the internal affairs of other countries, peaceful settlement of international disputes, and respect for international law and the principles enunciated in the United Nations Charter, and on the basis of those principles shall— **Promotion of international peace, security and solidarity.**

- (a) strive for the renunciation of the use of force in international relations and for general and complete disarmament ;
- (b) uphold the right of every people freely to determine and build up its own social, economic and political system by ways and means of its own free choice ; and
- (c) support oppressed peoples throughout the world waging a just struggle against imperialism, colonialism or racialism.

²[(2) The State shall endeavour to consolidate, preserve and strengthen fraternal relations among Muslim countries based on Islamic solidarity.]

¹ Article 25 was re-numbered as clause (1) of that article by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

² Clause (2) was added, *ibid.*

তৃতীয় ভাগ

মৌলিক অধিকার

মৌলিক অধিকারের
সহিত অসমঞ্জস
আইন বাতিল।

২৬। (১) এই ভাগের বিধানাবলীর সহিত অসমঞ্জস সকল প্রচলিত আইন যতখানি অসামঞ্জস্যপূর্ণ, এই সংবিধান-প্রবর্তন হইতে সেই সকল আইনের ততখানি বাতিল হইয়া যাইবে।

(২) রাষ্ট্র এই ভাগের কোন বিধানের সহিত অসমঞ্জস কোন আইন প্রণয়ন করিবেন না এবং অনুরূপ কোন আইন প্রণীত হইলে তাহা এই ভাগের কোন বিধানের সহিত যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইয়া যাইবে।

৩(৩) সংবিধানের ১৪২ অনুচ্ছেদের অধীন প্রণীত সংশোধনের ক্ষেত্রে এই অনুচ্ছেদের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

আইনের দৃষ্টিতে
সমতা।

২৭। সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী।

ধর্ম প্রভৃতি কারণে
বৈষম্য।

২৮। (১) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করিবেন না।

(২) রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন।

(৩) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে জনসাধারণের কোন বিনোদন বা বিশ্রামের স্থানে প্রবেশের কিংবা কোন শিক্ষা-প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে কোন নাগরিককে কোনরূপ অক্ষমতা, বাধ্যবাধকতা, বাধা বা শর্তের অধীন করা যাইবে না।

(৪) নারী বা শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যে কোন অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান-প্রণয়ন হইতে এই অনুচ্ছেদের কোন কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করিবে না।

সরকারী নিয়োগ-
লাভে সুযোগের
সমতা।

২৯। (১) প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ-লাভের ক্ষেত্রে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা থাকিবে।

(২) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ-লাভের অযোগ্য হইবেন না কিংবা সেই ক্ষেত্রে তাহার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাইবে না।

^১ সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ২৪ নং আইন)-এর ২ ধারাবলে সংযোজিত।

PART III

FUNDAMENTAL RIGHTS

26. (1) All existing law inconsistent with the provisions of this Part shall, to the extent of such inconsistency, become void on the commencement of this Constitution.

Laws inconsistent with fundamental rights to be void.

(2) The State shall not make any law inconsistent with any provisions of this Part, and any law so made shall, to the extent of such inconsistency, be void.

¹[(3) Nothing in this article shall apply to any amendment of this Constitution made under article 142.]

27. All citizens are equal before law and are entitled to equal protection of law.

Equality before law.

28. (1) The State shall not discriminate against any citizen on grounds only of religion, race, caste, sex or place of birth.

Discrimination on grounds of religion, etc.

(2) Women shall have equal rights with men in all spheres of the State and of public life.

(3) No citizen shall, on grounds only of religion, race, caste, sex or place of birth be subjected to any disability, liability, restriction or condition with regard to access to any place of public entertainment or resort, or admission to any educational institution.

(4) Nothing in this article shall prevent the State from making special provision in favour of women or children or for the advancement of any backward section of citizens.

29. (1) There shall be equality of opportunity for all citizens in respect of employment or office in the service of the Republic.

Equality of opportunity in public employment.

(2) No citizen shall, on grounds only of religion, race, caste, sex or place of birth, be ineligible for, or discriminated against in respect of, any employment or office in the service of the Republic.

¹ Added by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973) s. 2.

(৩) এই অনুচ্ছেদের কোন কিছুই

- (ক) নাগরিকদের যে কোন অনগ্রসর অংশ যাহাতে প্রজাতন্ত্রের কর্মে উপযুক্ত প্রতিনিধিত্ব লাভ করিতে পারেন, সেই উদ্দেশ্যে তাহাদের অনুকূলে বিশেষ বিধান-প্রণয়ন করা হইতে,
- (খ) কোন ধর্মীয় বা উপ-সম্প্রদায়গত প্রতিষ্ঠানে উক্ত ধর্মাবলম্বী বা উপ-সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জন্য নিয়োগ সংরক্ষণের বিধান-সংবলিত যে কোন আইন কার্যকর করা হইতে,
- (গ) যে শ্রেণীর কর্মের বিশেষ প্রকৃতির জন্য তাহা নারী বা পুরুষের পক্ষে অনুপযোগী বিবেচিত হয়, সেইরূপ যে কোন শ্রেণীর নিয়োগ বা পদ যথাক্রমে পুরুষ বা নারীর জন্য সংরক্ষণ করা হইতে

রাষ্ট্রকে নিবৃত্ত করিবে না।

বিদেশী খেতাব
প্রভৃতি গ্রহণ
নিষিদ্ধকরণ।

৩০। রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোন নাগরিক কোন বিদেশী রাষ্ট্রের নিকট হইতে কোন খেতাব, সম্মান, পুরস্কার বা ভূষণ গ্রহণ করিবেন না।

আইনের আশ্রয়-
লাভের অধিকার।

৩১। আইনের আশ্রয়লাভ এবং আইনানুযায়ী ও কেবল আইনানুযায়ী ব্যবহারলাভ যে কোন স্থানে অবস্থানরত প্রত্যেক নাগরিকের এবং সাময়িকভাবে বাংলাদেশে অবস্থানরত অপরাপর ব্যক্তির অবিচ্ছেদ্য অধিকার এবং বিশেষতঃ আইনানুযায়ী ব্যতীত এমন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যাহাতে কোন ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম বা সম্পত্তির হানি ঘটে।

জীবন ও ব্যক্তি-
স্বাধীনতার অধিকার-
রক্ষণ।

৩২। আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তিস্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না।

শ্রেণার ও আটক
সম্পর্কে রক্ষাকবচ।

৩৩। (১) শ্রেণারকৃত কোন ব্যক্তিকে যথাসম্ভব শীঘ্র শ্রেণারের কারণ জ্ঞাপন না করিয়া প্রহরায় আটক রাখা যাইবে না এবং উক্ত ব্যক্তিকে তাহার মনোনীত আইনজীবীর সহিত পরামর্শের ও তাহার দ্বারা আত্মপক্ষ-সমর্থনের অধিকার হইতে বঞ্চিত করা যাইবে না।

(২) শ্রেণারকৃত ও প্রহরায় আটক প্রত্যেক ব্যক্তিকে নিকটতম ম্যাজিস্ট্রেটের সম্মুখে শ্রেণারের চক্রিৎস ঘটনার মধ্যে (শ্রেণারের স্থান হইতে ম্যাজিস্ট্রেটের আদালতে আনয়নের জন্য প্রয়োজনীয় সময় ব্যতিরেকে) হাজির করা হইবে এবং ম্যাজিস্ট্রেটের আদেশ ব্যতীত তাহাকে তদতিরিক্তকাল প্রহরায় আটক রাখা যাইবে না।

^১ সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩০ নং আইন)-এর ৩ ধারাবলে ৩০ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ২৪ নং আইন)-এর ৩ ধারাবলে ৩৩ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

(৩) এই অনুচ্ছেদের (১) ও (২) দফার কোন কিছুই সেই ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না.

(ক) যিনি বর্তমান সময়ের জন্য বিদেশী শত্রু, অথবা

(খ) যাঁহাকে নিবর্তনমূলক আটকের বিধান-সংবলিত কোন আইনের অধীন গ্রেপ্তার করা হইয়াছে বা আটক করা হইয়াছে।

(৪) নিবর্তনমূলক আটকের বিধান-সংবলিত কোন আইন কোন ব্যক্তিকে ছয় মাসের অধিক কাল আটক রাখিবার ক্ষমতা প্রদান করিবে না যদি সুপ্রীম কোর্টের বিচারক রহিয়াছেন বা ছিলেন কিংবা সুপ্রীম কোর্টের বিচারকপদে নিয়োগলাভের যোগ্যতা রাখেন, এইরূপ দুইজন এবং প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত একজন প্রবীণ কর্মচারীর সম্মুখে গঠিত কোন উপদেষ্টা-পর্ষদ উক্ত ছয় মাস অতিবাহিত হইবার পূর্বে তাঁহাকে উপস্থিত হইয়া বক্তব্য পেশ করিবার সুযোগদানের পর রিপোর্ট প্রদান না করিয়া থাকেন যে, পর্ষদের মতে উক্ত ব্যক্তিকে তদতিরিক্ত কাল আটক রাখিবার পর্যাপ্ত কারণ রহিয়াছে।

(৫) নিবর্তনমূলক আটকের বিধান-সংবলিত কোন আইনের অধীন প্রদত্ত আদেশ অনুযায়ী কোন ব্যক্তিকে আটক করা হইলে আদেশদানকারী কর্তৃপক্ষ তাঁহাকে যথাসম্ভব শীঘ্র আদেশদানের কারণ জ্ঞাপন করিবেন এবং উক্ত আদেশের বিরুদ্ধে বক্তব্য-প্রকাশের জন্য তাঁহাকে যত সত্ত্বর সম্ভব সুযোগদান করিবেন :

তবে শর্ত থাকে যে, আদেশদানকারী কর্তৃপক্ষের বিবেচনায় তথ্যাদি-প্রকাশ জনস্বার্থবিরোধী বলিয়া মনে হইলে অনুরূপ কর্তৃপক্ষ তাহা প্রকাশে অস্বীকৃতি জ্ঞাপন করিতে পারিবেন।

(৬) উপদেষ্টা-পর্ষদ কর্তৃক এই অনুচ্ছেদের (৪) দফার অধীন তদন্তের জন্য অনুসরণীয় পদ্ধতি সংসদ আইনের দ্বারা নির্ধারণ করিতে পারিবেন।]

জবরদস্তি-শ্রম
নিষিদ্ধকরণ।

৩৪। (১) সকল প্রকার জবরদস্তি-শ্রম নিষিদ্ধ ; এবং এই বিধান কোনভাবে লঙ্ঘিত হইলে তাহা আইনতঃ দণ্ডনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে।

(২) এই অনুচ্ছেদের কোন কিছুই সেই সকল বাধ্যতামূলক শ্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যেখানে

(ক) ফৌজদারী অপরাধের জন্য কোন ব্যক্তি আইনতঃ দণ্ডভোগ করিতেছেন ; অথবা

(খ) জনগণের উদ্দেশ্যসাধনকল্পে আইনের দ্বারা তাহা আবশ্যিক হইতেছে।

বিচার ও দণ্ড সম্পর্কে
রক্ষণ।

৩৫। (১) অপরাধের দায়যুক্ত কার্যসংঘটনকালে বলবৎ ছিল, এইরূপ আইন ভঙ্গ্য করিবার অপরাধ ব্যতীত কোন ব্যক্তিকে দোষী সাব্যস্ত করা যাইবে না এবং অপরাধ-সংঘটনকালে বলবৎ সেই আইনবলে যে দণ্ড দেওয়া যাইতে পারিত, তাঁহাকে তাহার অধিক বা তাহা হইতে ভিন্ন দণ্ড দেওয়া যাইবে না।

(3) Nothing in this article shall prevent the State from—

- (a) making special provision in favour of any backward section of citizens for the purpose of securing their adequate representation in the service of the Republic ;
- (b) giving effect to any law which makes provision for reserving appointments relating to any religious or denominational institution to persons of that religion or denomination ;
- (c) reserving for members of one sex any class of employment or office on the ground that it is considered by its nature to be unsuited to members of the opposite sex.

¹[30. No citizen shall, without the prior approval of the President, accept any title, honour, award or decoration from any foreign state.] Prohibition of foreign titles, etc.

31. To enjoy the protection of the law, and to be treated in accordance with law, and only in accordance with law, is the inalienable right of every citizen, wherever he may be, and of every other person for the time being within Bangladesh, and in particular no action detrimental to the life, liberty, body, reputation or property of any person shall be taken except in accordance with law. Right to protection of law.

32. No person shall be deprived of life or personal liberty save in accordance with law. Protection of right to life and personal liberty.

²[33. (1) No person who is arrested shall be detained in custody without being informed, as soon as may be, of the grounds for such arrest, nor shall he be denied the right to consult and be defended by a legal practitioner of his choice. Safeguards as to arrest and detention.

(2) Every person who is arrested and detained in custody shall be produced before the nearest magistrate within a period of twenty-four hours of such arrest, excluding the time necessary for the journey from the place of arrest to the court of the magistrate, and no such person shall be detained in custody beyond the said period without the authority of a magistrate.

¹ Substituted for the former article 30 by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), s. 5.

² Substituted for the former article 33 by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973), s. 3.

(3) Nothing in clauses (1) and (2) shall apply to any person—

- (a) who for the time being is an enemy alien ; or
- (b) who is arrested or detained under any law providing for preventive detention.

(4) No law providing for preventive detention shall authorise the detention of a person for a period exceeding six months unless an Advisory Board consisting of three persons, of whom two shall be persons who are, or have been, or are qualified to be appointed as, Judges of the Supreme Court and the other shall be a person who is a senior officer in the service of the Republic, has, after affording him an opportunity of being heard in person, reported before the expiration of the said period of six months that there is, in its opinion, sufficient cause for such detention.

(5) When any person is detained in pursuance of an order made under any law providing for preventive detention, the authority making the order shall, as soon as may be, communicate to such person the grounds on which the order has been made, and shall afford him the earliest opportunity of making a representation against the order :

Provided that the authority making any such order may refuse to disclose facts which such authority considers to be against the public interest to disclose.

(6) Parliament may by law prescribe the procedure to be followed by an Advisory Board in an inquiry under clause (4).]

34. (1) All forms of forced labour are prohibited and any contravention of this provision shall be an offence punishable in accordance with law. Prohibition of forced labour.

(2) Nothing in this article shall apply to compulsory labour—

- (a) by persons undergoing lawful punishment for a criminal offence ; or
- (b) required by any law for public purposes.

35. (1) No person shall be convicted of any offence except for violation of a law in force at the time of the commission of the act charged as an offence, nor be subjected to a penalty greater than, or different from, that which might have been inflicted under the law in force at the time of the commission of the offence. Protection in respect of trial and punishment.

(২) এক অপরাধের জন্য কোন ব্যক্তিকে একাধিকবার ফৌজদারীতে সোপর্দ ও দণ্ডিত করা যাইবে না।

(৩) ফৌজদারী অপরাধের দায়ে অভিযুক্ত প্রত্যেক ব্যক্তি আইনের দ্বারা প্রতিষ্ঠিত স্বাধীন ও নিরপেক্ষ আদালত বা ট্রাইব্যুনালে দ্রুত ও প্রকাশ্য বিচারলাভের অধিকারী হইবেন।

(৪) কোন অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না।

(৫) কোন ব্যক্তিকে যন্ত্রণা দেওয়া যাইবে না কিংবা নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেওয়া যাইবে না কিংবা কাহারও সহিত অনুরূপ ব্যবহার করা যাইবে না।

(৬) প্রচলিত আইনে নির্দিষ্ট কোন দণ্ড বা বিচারপদ্ধতি সম্পর্কিত কোন বিধানের প্রয়োগকে এই অনুচ্ছেদের (৩) বা (৫) দফার কোন কিছুই প্রভাবিত করিবে না।

৩৬। জনস্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ—সাপেক্ষে বাংলাদেশের সর্বত্র অবাধ চলাফেরা, ইহার যে কোন স্থানে বসবাস ও বসতিস্থাপন এবং বাংলাদেশ ত্যাগ ও বাংলাদেশে পুনঃপ্রবেশ করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে।

৩৭। জনশৃঙ্খলা বা জনস্বাস্থ্যের স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ—সাপেক্ষে শান্তিপূর্ণভাবে ও নিরস্ত্র অবস্থায় সমবেত হইবার এবং জনসভা ও শোভাযাত্রায় যোগদান করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে।

৩৮। জনশৃঙ্খলা ও নৈতিকতার স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ—সাপেক্ষে সমিতি বা সঙ্ঘ গঠন করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে :

* * * * *

৩৯। (১) চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তাদান করা হইল।

(২) রাষ্ট্রের নিরাপত্তা, বিদেশী রট্টেসমূহের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, জনশৃঙ্খলা, শালীনতা বা নৈতিকতার স্বার্থে কিংবা আদালত-অবমাননা, মানহানি বা অপরাধ সংঘটনে প্ররোচনা সম্পর্কে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ—সাপেক্ষে

(ক) প্রত্যেক নাগরিকের বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকারের, এবং

(খ) সংবাদক্ষেত্রের স্বাধীনতার

নিশ্চয়তা দান করা হইল।

(2) No person shall be prosecuted and punished for the same offence more than once.

(3) Every person accused of a criminal offence shall have the right to a speedy and public trial by an independent and impartial court or tribunal established by law.

(4) No person accused of any offence shall be compelled to be a witness against himself.

(5) No person shall be subjected to torture or to cruel, inhuman, or degrading punishment or treatment.

(6) Nothing in clause (3) or clause (5) shall affect the operation of any existing law which prescribes any punishment or procedure for trial.

36. Subject to any reasonable restrictions imposed by law in the public interest, every citizen shall have the right to move freely throughout Bangladesh, to reside and settle in any place therein and to leave and re-enter Bangladesh. Freedom of movement.

37. Every citizen shall have the right to assemble and to participate in public meetings and processions peacefully and without arms, subject to any reasonable restrictions imposed by law in the interests of public order or public health. Freedom of assembly.

38. Every citizen shall have the right to form associations or unions, subject to any reasonable restrictions imposed by law in the interests of morality or public order : Freedom of association.

1. * * * * *

39. (1) Freedom of thought and conscience is guaranteed. Freedom of thought and conscience, and of speech.

(2) Subject to any reasonable restrictions imposed by law in the interests of the security of the State, friendly relations with foreign states, public order, decency or morality, or in relation to contempt of court, defamation or incitement to an offence—

(a) the right of every citizen to freedom of speech and expression ; and

(b) freedom of the press,

are guaranteed.

¹ Proviso to article 38 was omitted by the Second Proclamation (Sixth Amendment) Order, 1976 (Second Proclamation Order No. III of 1976).

পেশা বা বৃত্তির
স্বাধীনতা।

৪০। আইনের দ্বারা আরোপিত বাধানিষেধ—সাপেক্ষে কোন পেশা বা বৃত্তি-গ্রহণের কিংবা কারবার বা ব্যবসায়-পরিচালনার জন্য আইনের দ্বারা কোন যোগ্যতা নির্ধারিত হইয়া থাকিলে অনুরূপ যোগ্যতাসম্পন্ন প্রত্যেক নাগরিকের যে কোন আইনসম্মত পেশা বা বৃত্তি-গ্রহণের এবং যে কোন আইনসম্মত কারবার বা ব্যবসায়-পরিচালনার অধিকার থাকিবে।

ধর্মীয় স্বাধীনতা।

৪১। (১) আইন, জনশৃঙ্খলা ও নৈতিকতা-সাপেক্ষে

(ক) প্রত্যেক নাগরিকের যে কোন ধর্ম অবলম্বন, পালন বা প্রচারের অধিকার রহিয়াছে ;

(খ) প্রত্যেক ধর্মীয় সম্প্রদায় ও উপ-সম্প্রদায়ের নিজস্ব ধর্মীয় প্রতিষ্ঠানের স্থাপন, রক্ষণ ও ব্যবস্থাপনার অধিকার রহিয়াছে।

(২) কোন শিক্ষা-প্রতিষ্ঠানে যোগদানকারী কোন ব্যক্তির নিজস্ব ধর্ম-সংক্রান্ত না হইলে তাঁহাকে কোন ধর্মীয় শিক্ষাগ্রহণ কিংবা কোন ধর্মীয় অনুষ্ঠান বা উপাসনায় অংশগ্রহণ বা যোগদান করিতে হইবে না।

সম্পত্তির অধিকার।

৪২। (১) আইনের দ্বারা আরোপিত বাধা নিষেধ—সাপেক্ষে প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন, ধারণ, হস্তান্তর ও অন্যভাবে বিলি-ব্যবস্থা করিবার অধিকার থাকিবে এবং আইনের কর্তৃত্ব ব্যতীত কোন সম্পত্তি বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রীয়ত্ত বা দখল করা যাইবে না।

(২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত আইনে ক্ষতিপূরণসহ বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রীয়ত্তকরণ বা দখলের বিধান করা হইবে এবং ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ, কিংবা ক্ষতিপূরণ নির্ণয় বা প্রদানের নীতি ও পদ্ধতি নির্দিষ্ট করা হইবে, তবে অনুরূপ কোন আইনে ক্ষতিপূরণের বিধান অপরিাপ্ত হইয়াছে বলিয়া সেই আইন সম্পর্কে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) ১৯৭৭ সালের ফরমানসমূহ (সংশোধন) আদেশ, ১৯৭৭ (১৯৭৭ সালের ১নং ফরমানসমূহ আদেশ) প্রবর্তনের পূর্বে প্রণীত কোন আইনের প্রয়োগকে, যতদূর তাহা ক্ষতিপূরণ ব্যতীত কোন সম্পত্তি বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রীয়ত্তকরণ বা দখলের সহিত সম্পর্কিত, এই অনুচ্ছেদের কোন কিছুই প্রভাবিত করিবে না।]

গৃহ ও যোগাযোগের
রক্ষণ।

৪৩। রাষ্ট্রের নিরাপত্তা, জনশৃঙ্খলা, জনসাধারণের নৈতিকতা বা জনস্বাস্থ্যের স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসম্মত বাধানিষেধ—সাপেক্ষে প্রত্যেক নাগরিকের

(ক) প্রবেশ, তল্লাশী ও আটক হইতে স্বীয় গৃহে নিরাপত্তালাভের অধিকার থাকিবে ; এবং

40. Subject to any restrictions imposed by law, every citizen possessing such qualifications, if any, as may be prescribed by law in relation to his profession, occupation, trade or business shall have the right to enter upon any lawful profession or occupation, and to conduct any lawful trade or business.

Freedom of
profession or
occupation.

41. (1) Subject to law, public order and morality—

Freedom of religion

- (a) every citizen has the right to profess, practise or propagate any religion ;
- (b) every religious community or denomination has the right to establish, maintain and manage its religious institutions.

(2) No person attending any educational institution shall be required to receive religious instruction, or to take part in or to attend any religious ceremony or worship, if that instruction, ceremony or worship relates to a religion other than his own.

42. (1) Subject to any restrictions imposed by law, every citizen shall have the right to acquire, hold, transfer or otherwise dispose of property, and no property shall be compulsorily acquired, nationalised or requisitioned save by authority of law.

Rights to property.

¹[(2) A law made under clause (1) shall provide for the acquisition, nationalisation or requisition with compensation and shall either fix the amount of compensation or specify the principles on which, and the manner in which, the compensation is to be assessed and paid ; but no such law shall be called in question in any court on the ground that any provision in respect of such compensation is not adequate.

(3) Nothing in this article shall affect the operation of any law made before the commencement of the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977), in so far as it relates to the acquisition, nationalisation or acquisition of any property without compensation.]

43. Every citizen shall have the right, subject to any reasonable restrictions imposed by law in the interests of the security of the State, public order, public morality or public health—

Protection of
home and
correspondence.

- (a) to be secured in his home against entry, search and seizure ;
and

¹ Substituted for the former clause (2) by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

(খ) চিঠিপত্রের ও যোগাযোগের অন্যান্য উপায়ের গোপনীয়তা রক্ষার অধিকার থাকিবে।

মৌলিক অধিকার
বলবৎকরণ।

১৪৪। (১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।

(২) এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটাইয়া সংসদ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাহার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা উহার যে কোন ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দান করিতে পারিবেন।

শৃঙ্খলামূলক আইনের
ক্ষেত্রে অধিকারের
পরিবর্তন।

৪৫। কোন শৃঙ্খলা-বাহিনীর সদস্য-সম্পর্কিত কোন শৃঙ্খলামূলক আইনের যে কোন বিধান উক্ত সদস্যদের যথাযথ কর্তব্যপালন বা উক্ত বাহিনীতে শৃঙ্খলারক্ষা নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রণীত বিধান বলিয়া অনুরূপ বিধানের ক্ষেত্রে এই ভাগের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

দায়মুক্তি-বিধানের
ক্ষমতা।

৪৬। এই ভাগের পূর্ববর্ণিত বিধানাবলীতে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি বা অন্য কোন ব্যক্তি জাতীয় মুক্তি-সংগ্রামের প্রয়োজনে কিংবা বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে যে কোন অঞ্চলে শৃঙ্খলা-রক্ষা বা পুনর্বহালের প্রয়োজনে কোন কার্য করিয়া থাকিলে সংসদ আইনের দ্বারা সেই ব্যক্তিকে দায়মুক্ত করিতে পারিবেন কিংবা ঐ অঞ্চলে প্রদত্ত কোন দস্তাদেশ, দস্ত বা বাজেয়াপ্তির আদেশকে কিংবা অন্য কোন কার্যকে বৈধ করিয়া লইতে পারিবেন।

কতিপয় আইনের
হেফাজত।

৪৭। (১) নিম্নলিখিত যে কোন বিষয়ের বিধান-সংবলিত কোন আইনে (প্রচলিত আইনের ক্ষেত্রে সংশোধনীর মাধ্যমে) সংসদ যদি স্পষ্টরূপে ঘোষণা করেন যে, এই সংবিধানের দ্বিতীয় ভাগে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহের কোন একটিকে কার্যকর করিবার জন্য অনুরূপ বিধান করা হইল, তাহা হইলে অনুরূপ আইন এই ভাগে নিশ্চয়কৃত কোন অধিকারের সহিত অসমঞ্জস কিংবা অনুরূপ অধিকার হরণ বা খর্ব করিতেছে, এই কারণে বাতিল বলিয়া গণ্য হইবে না :

- (ক) কোন সম্পত্তি বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রায়ত্তকরণ বা দখল কিংবা সাময়িকভাবে বা স্থায়ীভাবে কোন সম্পত্তির নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা ;
- (খ) বাণিজ্যিক বা অন্যবিধ উদ্যোগসম্পন্ন একাধিক প্রতিষ্ঠানের বাধ্যতামূলক সংযুক্তকরণ ;
- (গ) অনুরূপ যে কোন প্রতিষ্ঠানের পরিচালক, ব্যবস্থাপক, এজেন্ট ও কর্মচারীদের অধিকার এবং (যে কোন প্রকারের) শেয়ার ও স্টকের মালিকদের ভোটাধিকার বিলোপ, পরিবর্তন, সীমিতকরণ বা নিয়ন্ত্রণ ;
- (ঘ) খনিজদ্রব্য বা খনিজ তৈল-অনুসন্ধান বা-লাভের অধিকার বিলোপ, পরিবর্তন, সীমিতকরণ বা নিয়ন্ত্রণ ;

(b) to the privacy of his correspondence and other means of communication.

¹[44. (1) The right to move the ²[High Court Division in accordance with ³[clause (1)] of article 102, for the enforcement of the rights conferred by this Part is guaranteed. Enforcement of fundamental rights.

(2) Without prejudice to the powers of the ²[High Court Division] under article 102, Parliament may by law empower any other court, within the local limits of its jurisdiction, to exercise all or any of those powers.]

45. Nothing in this Part shall apply to any provision of a disciplinary law relating to members of disciplined force, being a provision limited to the purpose of ensuring the proper discharge of their duties or the maintenance of discipline in that force. Modification of rights in respect of disciplinary law.

46. Notwithstanding anything in the foregoing provisions of this Part, Parliament may by law make provision for indemnifying any person in the service of the Republic or any other person in respect of any act done by him in connection with the national liberation struggle or the maintenance or restoration or order in any area in Bangladesh or validate any sentence passed, punishment inflicted, forfeiture ordered, or other act done in any such area. Power to provide indemnity.

47. (1) No law providing for any of the following matters shall be deemed to be void on the ground that it is inconsistent with, or takes away or abridges, any of the rights guaranteed by this Part— Saving for certain laws.

- (a) the compulsory acquisition, nationalisation or requisition of any property, or the control of management thereof whether temporarily or permanently ;
- (b) the compulsory amalgamation of bodies carrying on commercial or other undertakings ;
- (c) the extinction, modification, restriction or regulation of rights of directors, managers, agents and officers of any such bodies, or of the voting rights of persons owning shares or stock (in whatever form) therein ;
- (d) the extinction, modification, restriction or regulation of rights to search for or win minerals or mineral oil ;

¹ Substituted for the former article 44 by the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order No. IV of 1976) (w.e.f. 13-8-76).

² Substituted for the words "High Court" by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977) (w.e.f. 1-12-1977).

³ Substituted for the word, brackets and figure "clause (2)", *ibid.*

(৬) অন্যান্য ব্যক্তিকে অংশতঃ বা সম্পূর্ণতঃ পরিহার করিয়া সরকার কর্তৃক বা সরকারের নিজস্ব, নিয়ন্ত্রণাধীন বা ব্যবস্থাপনামূলক কোন সংস্থা কর্তৃক যে কোন কারবার, ব্যবসায়, শিল্প বা কর্মবিভাগ-চালনা : অথবা

(৮) যে কোন সম্পত্তির স্বত্ব কিংবা পেশা, বৃত্তি, কারবার বা ব্যবসায়-সংক্রান্ত যে কোন অধিকার কিংবা কোন সংবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠান বা কোন বাণিজ্যিক বা শিল্পগত উদ্যোগের মালিক বা কর্মচারীদের অধিকার বিলোপ, পরিবর্তন, সীমিতকরণ বা নিয়ন্ত্রণ।

(২) এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও প্রথম তফসিলে বর্ণিত আইনসমূহ (অনুরূপ আইনের কোন সংশোধনীসহ) পূর্ণভাবে বলবৎ ও কার্যকর হইতে থাকিবে এবং অনুরূপ যে কোন আইনের কোন বিধান কিংবা অনুরূপ কোন আইনের কর্তৃত্বে যাহা করা হইয়াছে বা করা হয় নাই, তাহা এই সংবিধানের কোন বিধানের সহিত অসঙ্গত বা তাহার পরিপন্থী, এই কারণে বাতিল বা বেআইনী বলিয়া গণ্য হইবে না :

খ) তবে শর্ত থাকে যে, এই অনুচ্ছেদের কোন কিছুই অনুরূপ কোন আইনকে সংশোধন, পরিবর্তন বা বাতিল করা হইতে নিবৃত্ত করিবে না।]

খ(৩) এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও গণহত্যাভাজনিত অপরাধ, মানবতাবিরোধী অপরাধ বা যুদ্ধাপরাধ এবং আন্তর্জাতিক আইনের অধীন অন্যান্য অপরাধের জন্য কোন সশস্ত্র বাহিনী বা প্রতিরক্ষা বাহিনী বা সহায়ক বাহিনীর সদস্য কিংবা যুদ্ধবন্দীকে আটক, ফৌজদারীতে সোপর্দ কিংবা দণ্ডদান করিবার বিধান-সংবলিত কোন আইন বা আইনের বিধান এই সংবিধানের কোন বিধানের সহিত অসঙ্গত বা তাহার পরিপন্থী, এই কারণে বাতিল বা বেআইনী বলিয়া গণ্য হইবে না কিংবা কখনও বাতিল বা বেআইনী হইয়াছে বলিয়া গণ্য হইবে না।]

খ(৪)ক। (১) যে ব্যক্তির ক্ষেত্রে এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত কোন আইন প্রযোজ্য হয়, সেই ব্যক্তির ক্ষেত্রে এই সংবিধানের ৩১ অনুচ্ছেদ, ৩৫ অনুচ্ছেদের (১) ও (৩) দফা এবং ৪৪ অনুচ্ছেদের অধীন নিশ্চয়কৃত অধিকারসমূহ প্রযোজ্য হইবে না।

(২) এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও যে ব্যক্তির ক্ষেত্রে এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত কোন আইন প্রযোজ্য হয়, এই সংবিধানের অধীন কোন প্রতিকারের জন্য সুপ্রীম কোর্টে আবেদন করিবার কোন অধিকার সেই ব্যক্তির থাকিবে না।]

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule-তে শর্তাংশটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (প্রথম সংশোধন) আইন, ১৯৭৩ (১৯৭৩ সনের ১৫ নং আইন)-এর ২ ধারাবলে সংশোধিত।

^৩ উপরেণ্ড আইনের ১ ধারাবলে সন্নিবেশিত।

- (e) the carrying on by the Government or by a corporation owned, controlled or managed by the Government, of any trade, business, industry or service to the exclusion, complete or partial, of other persons ; or
- (f) the extinction, modification, restriction or regulation of any right to property, any right in respect of profession, occupation, trade or business or the rights of employers or employees in any statutory public authority or in any commercial or industrial undertaking ;

if Parliament in such law (including, in the case of existing law, by amendment) expressly declares that such provision is made to give effect to any of the fundamental principles of state policy set out in Part II of this Constitution.

(2) Notwithstanding anything contained in this Constitution the laws specified in the First Schedule (including any amendment of any such law) shall continue to have full force and effect, and no provision of any such law, nor anything done or omitted to be done under the authority of such law, shall be deemed void or unlawful on the ground of inconsistency with, or repugnance to, any provision of this Constitution :

¹[Provided that nothing in this article shall prevent amendment, modification or repeal of any such law.]

²[(3) Notwithstanding anything contained in this Constitution, no law nor any provision thereof providing for detention, prosecution or punishment of any person, who is a member of any armed or defence or auxiliary forces or who is a prisoner of war, for genocide, crimes against humanity or war crimes and other crimes under international law shall be deemed void or unlawful, or ever to have become void or unlawful, on the ground that such law or provision of any such law is inconsistent with, or repugnant to, any of the provisions of this Constitution.]

³[47A. (1) The rights guaranteed under article 31, clauses (1) and (3) of article 35 and article 44 shall not apply to any person to whom a law specified in clause (3) of article 47 applies. Inapplicability of certain articles.

(2) Notwithstanding anything contained in this Constitution, no person to whom a law specified in clause (3) of article 47 applies shall have the right to move the Supreme Court for any of the remedies under this Constitution.]

¹Substituted for the original proviso by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).

²Added by the Constitution (First Amendment) Act, 1973 (Act XV of 1973), s. 2.

³Inserted, *ibid.*, s. 3.

চতুর্থ ভাগ
নির্বাহী বিভাগ
[১ম পরিচ্ছেদ-রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি।

৪৮। (১) বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন অনুযায়ী সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন।

(২) রাষ্ট্রপ্রধানরূপে রাষ্ট্রপতি রাষ্ট্রের অন্য সকল ব্যক্তির উর্ধে স্থান লাভ করিবেন এবং এই সংবিধান ও অন্য কোন আইনের দ্বারা তাঁহাকে প্রদত্ত ও তাঁহার উপর অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য পালন করিবেন।

(৩) এই সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে কেবল প্রধানমন্ত্রী ও ৯৫ অনুচ্ছেদের (১) দফা অনুসারে প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন :

তবে শর্ত থাকে যে, প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে আদৌ কোন পরামর্শদান করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে কি পরামর্শ দান করিয়াছেন, কোন আদালত সেই সম্পর্কে কোন প্রশ্নের তদন্ত করিতে পারিবেন না।

(৪) কোন ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হইবার যোগ্য হইবেন না, যদি তিনি—

- (ক) পঁয়ত্রিশ বৎসরের কম বয়স্ক হন ; অথবা
- (খ) সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য না হন ; অথবা
- (গ) কখনও এই সংবিধানের অধীন অভিগমন দ্বারা রাষ্ট্রপতির পদ হইতে অপসারিত হইয়া থাকেন।

(৫) প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় ও পররাষ্ট্রীয় নীতি সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত রাখিবেন এবং রাষ্ট্রপতি অনুরোধ করিলে যে—কোন বিষয় মন্ত্রিসভায় বিবেচনার জন্য পেশ করিবেন।

ক্ষম প্রদর্শনের
অধিকার।

৪৯। কোন আদালত, ট্রাইবুনাল বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে—কোন দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মঞ্জুর করিবার এবং যে—কোন দণ্ড মুকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে।

রাষ্ট্রপতি-পদের
মেয়াদ।

৫০। (১) এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবেন :

তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতির পদের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরাধিকারী—কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্থায়ী পদে বহাল থাকিবেন।

(২) একাদিক্রমে হটক বা না হটক দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকিবেন না।

(৩) স্পীকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে রাষ্ট্রপতি স্থায়ী পদ ত্যাগ করিতে পারিবেন।

PART IV

THE EXECUTIVE

¹[CHAPTER I—THE PRESIDENT

✓ 48. (1) There shall be a President of Bangladesh who shall be elected by members of Parliament in accordance with law. The President.

✓ (2) The President shall, as Head of State, take precedence over all other persons in the State, and shall exercise the powers and perform the duties conferred and imposed on him by this Constitution and by any other law.

(3) In the exercise of all his functions, save only that of appointing the Prime Minister pursuant to clause (3) of article 56 and the Chief Justice pursuant to clause (1) of article 95, the President shall act in accordance with the advice of the Prime Minister :

Provided that the question whether any, and if so what, advice has been tendered by the Prime Minister to the President shall not be enquired into in any court.

✓ (4) A person shall not be qualified for election as President if he—

- (a) is less than thirty-five years of age ; or
- (b) is not qualified for election as a member of Parliament ; or
- (c) has been removed from the office of President by impeachment under this Constitution.

(5) The Prime Minister shall keep the President informed on matters of domestic and foreign policy, and submit for the consideration of the Cabinet any matter which the President may request him to refer to it.

49. The President shall have power to grant pardons, reprieves and respites and to remit, suspend or commute any sentence passed by any court, tribunal or other authority. Prerogative of mercy.

50. (1) Subject to the provisions of this Constitution, the President shall hold office for a term of five years from the date on which he enters upon his office. Term of office of President.

Provided that notwithstanding the expiration of his term the President shall continue to hold office until his successor enters upon office.

(2) No person shall hold office as President for more than two terms, whether or not the terms are consecutive.

(3) The President may resign his office by writing under his hand addressed to the Speaker.

(৪) র‍্যষ্ট্রপতি তাঁহার কার্যভারকালে সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য হইবেন না এবং কোন সংসদ-সদস্য র‍্যষ্ট্রপতি নির্বাচিত হইলে র‍্যষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

র‍্যষ্ট্রপতির দায়িত্ব।

৫১। (১) এই সংবিধানের ৫২ অনুচ্ছেদের হানি না ঘটাইয়া বিধান করা হইতেছে যে, র‍্যষ্ট্রপতি তাঁহার দায়িত্ব পালন করিতে গিয়া কিংবা অনুরূপ বিবেচনায় কোন কার্য করিয়া থাকিলে বা না করিয়া থাকিলে সেইজন্য তাঁহাকে কোন আদালতে জবাবদিহি করিতে হইবে না, তবে এই দফা সরকারের বিরুদ্ধে কার্যধারা গ্রহণে কোন ব্যক্তির অধিকার ক্ষুণ্ণ করিবে না।

(২) র‍্যষ্ট্রপতির কার্যভারকালে তাঁহার বিরুদ্ধে কোন আদালতে কোন প্রকার ফৌজদারী কার্যধারা দায়ের করা বা চালু রাখা যাইবে না এবং তাঁহার গ্রেফতার বা কারাবাসের জন্য কোন আদালত হইতে পরোয়ানা জারী করা যাইবে না।

র‍্যষ্ট্রপতির
অভিশংসন।

৫২। (১) এই সংবিধান লংঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগে র‍্যষ্ট্রপতিকে অভিশংসিত করা যাইতে পারিবে : ইহার জন্য সংসদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ অংশের স্বাক্ষরে অনুরূপ অভিযোগের বিবরণ লিপিবদ্ধ করিয়া একটি প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদান করিতে হইবে ; স্পীকারের নিকট অনুরূপ নোটিশ প্রদানের দিন হইতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর এই প্রস্তাব আলোচিত হইতে পারিবে না এবং সংসদ অধিবেশনরত না থাকিলে স্পীকার অবিলম্বে সংসদ আহ্বান করিবেন।

(২) এই অনুচ্ছেদের অধীন কোন অভিযোগ তদন্তের জন্য সংসদ কর্তৃক নিযুক্ত বা আখ্যায়িত কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট সংসদ র‍্যষ্ট্রপতির আচরণ গোচর করিতে পারিবেন।

(৩) অভিযোগ বিবেচনাকালে র‍্যষ্ট্রপতির উপস্থিত থাকিবার এবং প্রতিনিধি বেরণের অধিকার থাকিবে।

(৪) অভিযোগ বিবেচনার পর মোট সদস্য-সংখ্যার অন্তর্গত দুই-তৃতীয়াংশ ভেটে অভিযোগ যথার্থ বলিয়া ঘোষণা করিয়া সংসদ কোন প্রস্তাব গ্রহণ করিলে প্রস্তাব গৃহীত হইবার তারিখে র‍্যষ্ট্রপতির পদ শূন্য হইবে।

(৫) এই সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী স্পীকার কর্তৃক র‍্যষ্ট্রপতির দায়িত্ব পালনকালে এই অনুচ্ছেদের বিধানাবলী এই পরিবর্তন সাপেক্ষে প্রযোজ্য হইবে যে, এই অনুচ্ছেদের (১) দফায় স্পীকারের উল্লেখ ডেপুটি স্পীকারের উল্লেখ বলিয়া গণ্য হইবে এবং (৪) দফায় র‍্যষ্ট্রপতির পদ শূন্য হইবার উল্লেখ স্পীকারের পদ শূন্য হইবার উল্লেখ বলিয়া গণ্য হইবে ; এবং (৪) দফায় বর্ণিত কোন প্রস্তাব গৃহীত হইলে স্পীকার র‍্যষ্ট্রপতির দায়িত্ব পালনে বিরত হইবেন।

অসামর্থ্যের কারণে
র‍্যষ্ট্রপতির অপসারণ।

৫৩। (১) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে র‍্যষ্ট্রপতিকে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইতে পারিবে : ইহার জন্য সংসদের মোট সদস্যের সংখ্যা-গরিষ্ঠ অংশের স্বাক্ষরে কথিত অসামর্থ্যের বিবরণ লিপিবদ্ধ করিয়া একটি প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদান করিতে হইবে।

(4) The President during his term of office shall not be qualified for election as a member of Parliament, and if a member of Parliament is elected as President he shall vacate his seat in Parliament on the day on which he enters upon his office as President.

51. (1) Without prejudice to the provisions of article 52, the President shall not be answerable in any court for anything done or omitted by him in the exercise or purported exercise of the functions of this office, but this clause shall not prejudice the right of any person to take proceedings against the Government. President's immunity.

(2) During his term of office no criminal proceedings whatsoever shall be instituted or continued against the President in, and no process for his arrest or imprisonment shall issue from, any court.

52. (1) The President may be impeached on a charge of violating this Constitution or of grave misconduct, preferred by a notice of motion signed by a majority of the total number of members of Parliament and delivered to the Speaker, setting out the particulars of the charge, and the motion shall not be debated earlier than fourteen nor later than thirty days after the notice is so delivered ; and the Speaker shall forthwith summon Parliament if it is not in session. Impeachment of the President.

(2) The conduct of the President may be referred by Parliament to any court, tribunal or body appointed or designated by Parliament for the investigation of charge under this article.

(3) The President shall have the right to appear and to be represented during the consideration of the charge.

(4) If after the consideration of the charge a resolution is passed by Parliament by the votes of not less than two-thirds of the total number of members declaring that the charge has been substantiated, the President shall vacate his office on the date on which the resolution is passed.

(5) Where the Speaker is exercising the functions of the President under article 54 the provisions of this article shall apply subject to the modifications that the reference to the Speaker in clause (1) shall be construed as a reference to the Deputy Speaker, and that the reference in clause (4) to the vacation by the President of his office shall be construed as a reference to the vacation by the Speaker of his office as Speaker ; and on the passing of a resolution such as is referred to in clause (4) the Speaker shall cease to exercise the functions of President.

53. (1) The President may be removed from office on the ground of physical or mental incapacity on a motion of which notice, signed by a majority of the total number of members of Parliament, is delivered to the Speaker, setting out particulars of the alleged incapacity. Removal of President on ground of incapacity.

(২) সংসদ অধিবেশনরত না থাকিলে নোটিশ প্রাপ্তি মাত্র স্পীকার সংসদের অধিবেশন আহ্বান করিবেন এবং একটি চিকিৎসা-পর্যদ (অতঃপর এই অনুচ্ছেদে "পর্যদ" বলিয়া অভিহিত) গঠনের প্রস্তাব আহ্বান করিবেন এবং প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপিত ও গৃহীত হইবার পর স্পীকার তৎক্ষণাৎ উক্ত নোটিশের একটি প্রতিলিপি রাষ্ট্রপতির নিকট প্রেরণের ব্যবস্থা করিবেন এবং তাঁহার সহিত এই মর্মে স্বাক্ষরযুক্ত অনুরোধ জ্ঞাপন করিবেন যে, অনুরূপ অনুরোধ জ্ঞাপনের তারিখ হইতে দশ দিনের মধ্যে রাষ্ট্রপতি যেন পর্যদের নিকট পরীক্ষিত হইবার জন্য উপস্থিত হন।

(৩) অপসারণের জন্য প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদানের পর হইতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর প্রস্তাবটি ভোটে দেওয়া যাইবে না, এবং অনুরূপ মেয়াদের মধ্যে প্রস্তাবটি উত্থাপনের জন্য পুনরায় সংসদ আহ্বানের প্রয়োজন হইলে স্পীকার সংসদ আহ্বান করিবেন।

(৪) প্রস্তাবটি বিবেচিত হইবার কালে রাষ্ট্রপতির উপস্থিত থাকিবার এবং প্রতিনিধি প্রেরণের অধিকার থাকিবে।

(৫) প্রস্তাবটি সংসদে উত্থাপনের পূর্বে রাষ্ট্রপতি পর্যদের দ্বারা পরীক্ষিত হইবার জন্য উপস্থিত না হইয়া থাকিলে প্রস্তাবটি ভোটে দেওয়া যাইতে পারিবে এবং সংসদের মোট সদস্য-সংখ্যার অনূন্য দুই-তৃতীয়াংশ ভোটে তাহা গৃহীত হইলে প্রস্তাবটি গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

(৬) অপসারণের জন্য প্রস্তাবটি সংসদে উত্থাপিত হইবার পূর্বে রাষ্ট্রপতি পর্যদের নিকট পরীক্ষিত হইবার জন্য উপস্থিত হইয়া থাকিলে সংসদের নিকট পর্যদের মতামত পেশ করিবার সুযোগ না দেওয়া পর্যন্ত প্রস্তাবটি ভোটে দেওয়া যাইবে না।

(৭) সংসদ কর্তৃক প্রস্তাবটি ও পর্যদের রিপোর্ট (যাহা এই অনুচ্ছেদের (২) দফা অনুসারে পরীক্ষিত সাত দিনের মধ্যে দাখিল করা হইবে এবং অনুরূপভাবে দাখিল না করা হইলে তাহা বিবেচনার প্রয়োজন হইবে না) বিবেচিত হইবার পর সংসদের মোট সদস্য-সংখ্যার অনূন্য দুই-তৃতীয়াংশ ভোটে প্রস্তাবটি গৃহীত হইলে তাহা গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

অনুপস্থিতি প্রত্যুতির-
কালে রাষ্ট্রপতি-পদে
স্পীকার।

৫৪। রাষ্ট্রপতির পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হইলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্পীকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করিবেন।

২য় পরিচ্ছেদ—প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা

মন্ত্রিসভা।

৫৫। (১) প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের একটি মন্ত্রিসভা থাকিবে এবং প্রধানমন্ত্রী ও সময়ে সময়ে তিনি যেকোন স্থির করিবেন, সেইরূপ অন্যান্য মন্ত্রী লইয়া এই মন্ত্রিসভা গঠিত হইবে।

(২) প্রধানমন্ত্রী কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান-অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে।

(2) On receipt of the notice the Speaker shall forthwith summon Parliament if it is not in session and shall call for a resolution constituting a medical board (hereinafter in this article called "the Board"), and upon the necessary motion being made and carried shall forthwith cause a copy of the notice to be transmitted to the President together with a request signed by the Speaker that the President submit himself within a period of ten days from the date of the request to an examination by the Board.

(3) The motion for removal shall not be put to the vote earlier than fourteen nor later than thirty days after notice of the motion is delivered to the Speaker, and if it is again necessary to summon Parliament in order to enable the motion to be made within that period, the Speaker shall summon Parliament.

(4) The President shall have the right to appear and to be represented during the consideration of the motion.

(5) If the President has not submitted himself to an examination by the Board before the motion is made in Parliament, the motion may be put to the vote, and if it is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament, the President shall vacate his office on the date on which the motion is passed.

(6) If before the motion for removal is made in Parliament, the President has submitted himself to an examination by the Board, the motion shall not be put to the vote until the Board has been given an opportunity of reporting its opinion to Parliament.

(7) If after consideration by Parliament of the motion and of the report of the Board (which shall be submitted within seven days of the examination held pursuant to clause (2) and if not so submitted shall be dispensed with) the motion is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament, the President shall vacate his office on the date on which the resolution is passed.

54. If a vacancy occurs in the office of President or if the President is unable to discharge the functions of his office on account of absence, illness or any other cause the Speaker shall discharge those functions until a President is elected or until the President resumes the functions of his office, as the case may be.

Speaker to act as President during absence, etc.

CHAPTER II—THE PRIME MINISTER AND THE CABINET

55. (1) There shall be a Cabinet for Bangladesh having the Prime Minister at its head and comprising also such other Ministers as the Prime Minister may from time to time designate. The Cabinet.

(2) The executive power of the Republic shall, in accordance with this Constitution, be exercised by or on the authority of the Prime Minister.

৯-(৩) মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকিবেন।

(৪) সরকারের সকল নির্বাহী ব্যবস্থা রাষ্ট্রপতির নামে গৃহীত হইয়াছে বলিয়া প্রকাশ করা হইবে।

(৫) রাষ্ট্রপতির নামে প্রণীত আদেশসমূহ ও অন্যান্য চুক্তিপত্র কিরূপে সত্যায়িত বা প্রমাণীকৃত হইবে, রাষ্ট্রপতি তাহা বিধিসমূহ-দ্বারা নির্ধারণ করিবেন এবং অনুরূপভাবে সত্যায়িত বা প্রমাণীকৃত কোন আদেশ বা চুক্তিপত্র যথাযথভাবে প্রণীত বা সম্পাদিত হয় নাই বলিয়া তাহার বৈধতা সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৬) রাষ্ট্রপতি সরকারী কার্যাবলী বন্টন ও পরিচালনার জন্য বিধিসমূহ প্রণয়ন করিবেন।

মন্ত্রীগণ।

৫৬। (১) একজন প্রধানমন্ত্রী থাকিবেন এবং প্রধানমন্ত্রী যেক্রপ নির্ধারণ করিবেন, সেইরূপ অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী থাকিবেন।

(২) প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদিগকে রাষ্ট্রপতি নিয়োগ দান করিবেন :

তবে শর্ত থাকে যে, তাহাদের সংখ্যার অন্ত্যনয়-দশমাংশ সংসদ-সদস্যগণের মধ্য হইতে নিযুক্ত হইবেন এবং অনধিক এক-দশমাংশ সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইতে পারিবেন।

(৩) যে সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হইবেন, রাষ্ট্রপতি তাহাকে প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন।

(৪) সংসদ ভাংগিয়া যাওয়া এবং সংসদ-সদস্যদের অব্যবহিত পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠানের মধ্যবর্তীকালে এই অনুচ্ছেদের (২) বা (৩) দফার অধীন নিয়োগ দানের প্রয়োজন দেখা দিলে সংসদ ভাংগিয়া যাইবার অব্যবহিত পূর্বে যাহারা সংসদ-সদস্য ছিলেন, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে তাহারা সদস্যরূপে বহাল রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

প্রধানমন্ত্রীর পদের মেয়াদ।

৫৭। (১) প্রধানমন্ত্রীর পদ শূন্য হইবে, যদি—

(ক) তিনি কোন সময়ে রাষ্ট্রপতির নিকট পদত্যাগপত্র প্রদান করেন; অথবা

(খ) তিনি সংসদ-সদস্য না থাকেন।

(২) সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারাইলে প্রধানমন্ত্রী পদত্যাগ করিবেন কিংবা সংসদ ভাংগিয়া দিবার জন্য লিখিতভাবে রাষ্ট্রপতিকে পরামর্শদান করিবেন এবং তিনি অনুরূপ পরামর্শদান করিলে রাষ্ট্রপতি, অন্য কোন সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন নহেন এই মর্মে সন্তুষ্ট হইলে, সংসদ ভাংগিয়া দিবেন।

(৩) প্রধানমন্ত্রীর উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত প্রধানমন্ত্রীকে স্বীয় পদে বহাল থাকিতে এই অনুচ্ছেদের কোন কিছুই অযোগ্য করিবে না।

~~(3)~~ The Cabinet shall be collectively responsible to Parliament.

~~(4)~~ All executive actions of the Government shall be expressed to be taken in the name of the President.

(5) The President shall by rules specify the manner in which orders and other instruments made in his name shall be attested or authenticated, and the validity of any order or instrument so attested or authenticated shall not be questioned in any court on the ground that it was not duly made or executed.

~~(6)~~ The President shall make rules for the allocation and transaction of the business of the Government.

56. ~~(1)~~ There shall be a Prime Minister, and such other Ministers, Ministers, Ministers of State and Deputy Ministers as may be determined by the Prime Minister.

~~(2)~~ The appointments of the Prime Minister and other Ministers and of the Ministers of State and Deputy Ministers, shall be made by the President :

Provided that not less than nine-tenths of their number shall be appointed from among members of Parliament and not more than one-tenth of their number may be chosen from among persons qualified for election as members of Parliament.

~~(3)~~ The President shall appoint as Prime Minister the member of Parliament who appears to him to command the support of the majority of the members of Parliament.

(4) If occasion arises for making any appointment under clause (2) or clause (3) between a dissolution of Parliament and the next following general election of members of Parliament, the persons who were such members immediately before the dissolution shall be regarded for the purpose of this clause as continuing to be such members.

~~57.~~ (1) The office of the Prime Minister shall become vacant—

Tenure of office
of Prime Minister.

(a) if he resigns from office at any time by placing his resignation in the hands of the President ; or

~~(b)~~ if he ceases to be a member of Parliament.

(2) If the Prime Minister ceases to retain the support of a majority of the members of Parliament, he shall either resign his office or advise the President in writing to dissolve Parliament, and if he so advises the President shall, if he is satisfied that no other member of Parliament commands the support of the majority of the members of Parliament, dissolve Parliament accordingly.

(3) Nothing in this article shall disqualify Prime Minister for holding office until his successor has entered upon office.

অন্যান্য মন্ত্রীর পদের
মেয়াদ।

৫৮। (১) প্রধানমন্ত্রী ব্যতীত অন্য কোন মন্ত্রীর পদ শূন্য হইবে, যদি—

- (ক) তিনি রাষ্ট্রপতির নিকট পেশ করিবার জন্য প্রধানমন্ত্রীর নিকট পদত্যাগপত্র প্রদান করেন ;
- (খ) তিনি সংসদ-সদস্য না থাকেন, তবে ৫৬ অনুচ্ছেদের (২) দফার শর্তাংশের অধীনে মনোনীত মন্ত্রীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না ;
- (গ) এই অনুচ্ছেদের (২) দফা অনুসারে রাষ্ট্রপতি অনুরূপ নির্দেশ দান করেন ; অথবা
- (ঘ) এই অনুচ্ছেদের (৪) দফায় যেরূপ বিধান করা হইয়াছে তাহা কার্যকর হয়।

(২) প্রধানমন্ত্রী যে-কোন সময়ে কোন মন্ত্রীকে পদত্যাগ করিতে অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত মন্ত্রী অনুরূপ অনুরোধ পালনে অসমর্থ হইলে তিনি রাষ্ট্রপতিকে উক্ত মন্ত্রীর নিয়োগের অবসান ঘটাইবার পরামর্শ দান করিতে পারিবেন।

(৩) সংসদ ভাংগিয়া যাওয়া অবস্থায় যে-কোন সময়ে কোন মন্ত্রীকে স্থায়ী পদে বহাল থাকিতে এই অনুচ্ছেদের (১) দফার (ক), (খ) ও (ঘ) উপ-দফার কোন কিছুই অযোগ্য করিবে না।

(৪) প্রধানমন্ত্রী পদত্যাগ করিলে বা স্থায়ী পদে বহাল না থাকিলে মন্ত্রীদের প্রত্যেকে পদত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য হইবে ; তবে এই পরিচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে তাঁহাদের উত্তরাধিকারীগণ কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তাঁহারা স্ব স্ব পদে বহাল থাকিবেন।

(৫) এই অনুচ্ছেদে “মন্ত্রী” বলিতে প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী অন্তর্ভুক্ত।

পরিচ্ছেদের প্রয়োগ।

১[৫৮ক। এই পরিচ্ছেদের কোন কিছু ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী ব্যতীত, যে মেয়াদে সংসদ ভাংগিয়া দেওয়া হয় বা ভংগ অবস্থায় থাকে সেই মেয়াদে প্রযুক্ত হইবে না :

তবে শর্ত থাকে যে, ২ক পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যেক্ষেত্রে ৭২(৪) অনুচ্ছেদের অধীন কোন ভংগ হইয়া যাওয়া সংসদকে পুনরায় বহান করা হয় সেক্ষেত্রে এই পরিচ্ছেদ প্রযোজ্য হইবে।]

২[২ক পরিচ্ছেদ— নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার

নির্দলীয় তত্ত্বাবধায়ক
সরকার।

৫৮খ। (১) সংসদ ভাংগিয়া দেওয়ার পর বা মেয়াদ অবসানের কারণে ভংগ হইবার পর যে তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা কার্যভার গ্রহণ করেন সেই তারিখ হইতে সংসদ গঠিত হওয়ার পর নূতন প্রধানমন্ত্রী তাঁহার পদের কার্যভার গ্রহণ করার তারিখ পর্যন্ত মেয়াদে একটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে।

১ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১ নং আইন)-এর ২ ধারাবলে সন্নিবেশিত।

২ উপরোক্ত আইনের ৩ ধারাবলে সন্নিবেশিত।

58. (1) The office of a Minister other than the Prime Minister shall become vacant— Tenure of office of other Minister.

- (a) if he resigns from office by placing his resignation in the hands of the Prime Minister for submission to the President ;
- (b) if he ceases to be a member of Parliament, but this shall not be applicable to a Minister chosen under the proviso to article 56(2) ;
- (c) if the President, pursuant to the provisions of clause (2), so directs ; or
- (d) as provided in clause (4).

(2) The Prime Minister may at any time request a Minister to resign, and if such Minister fails to comply with the request, may advise the President to terminate the appointment of such Minister.

~~(3) Nothing in sub-clauses (a), (b) and (d) of clause (1) shall disqualify a Minister for holding office during any period in which Parliament stands dissolved.~~

(4) If the Prime Minister resigns from or ceases to hold office each of the other Ministers shall be deemed also to have resigned from office but shall, subject to the provisions of this Chapter, continue to hold office until his successor has entered upon office.

(5) In this article "Minister" includes Minister of State and Deputy Minister.

¹[58A. Nothing in this Chapter, except the provisions of article 55(4), (5) and (6) shall apply during the period in which Parliament is dissolved or stands dissolved :

Application of Chapter.

Provided that, notwithstanding anything contained in Chapter IIA, where the President summons Parliament that has been dissolved to meet under article 72(4), this Chapter shall apply.]

²[CHAPTER IIA—NO-PARTY CARE-TAKER GOVERNMENT

58B. (1) There shall be a Non-Party Care-taker Government during the period from the date on which the Chief Adviser of such government enters upon office after Parliament is dissolved or stands dissolved by reason of expiration of its term till the date on which a new Prime Minister enters upon his office after the constitution of Parliament.

The Non-Party Care-taker Government.

¹ Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996), s. 2.

² Inserted, *ibid.*, s. 3.

(২) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার যৌথভাবে রাষ্ট্রপতির নিকট দায়ী থাকিবেন।

(৩) (১) দফায় উল্লেখিত মেয়াদে প্রধান উপদেষ্টা কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা, ৫৮ঘ(১) অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে প্রযুক্ত হইবে এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের পরামর্শ অনুযায়ী তৎকর্তৃক উহা প্রযুক্ত হইবে।

(৪) ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী (প্রয়োজনীয় অভিযোজন সহকারে) (১) দফায় উল্লেখিত মেয়াদে একইরূপ বিষয়বলীর ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

৫৮গ। (১) প্রধান উপদেষ্টার নেতৃত্বে প্রধান উপদেষ্টা এবং অপর অনধিক দশজন উপদেষ্টার সমন্বয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠিত হইবে, যাহারা রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) সংসদ ভাংগিয়া দেওয়ার বা ভংগ হইবার পরবর্তী পনের দিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং অন্যান্য উপদেষ্টাগণ নিযুক্ত হইবেন এবং যে তারিখে সংসদ ভাংগিয়া দেওয়া হয় বা ভংগ হয় সেই তারিখ হইতে যে তারিখে প্রধান উপদেষ্টা নিযুক্ত হন সেই তারিখ পর্যন্ত মেয়াদে সংসদ ভাংগিয়া দেওয়ার বা ভংগ হইবার অব্যবহিত পূর্বে দায়িত্ব পালনরত প্রধানমন্ত্রী ও তাঁহার মন্ত্রিসভা তাঁহাদের দায়িত্ব পালন করিতে থাকিবেন।

(৩) রাষ্ট্রপতি বাংলাদেশের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি বাংলাদেশের সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতির অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৪) যদি কোন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে সর্বশেষে অবসরপ্রাপ্ত অনুরূপ বিচারকের অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত বিচারককে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৫) যদি আপীল বিভাগের কোন অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি, যতদূর সম্ভব, প্রধান রাজনৈতিক দলসমূহের সহিত আলোচনাক্রমে, বাংলাদেশের যে সকল নাগরিক এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাদের মধ্য হইতে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

নির্দলীয় তত্ত্বাবধায়ক
সরকারের গঠন,
উপদেষ্টাগণের
নিয়োগ ইত্যাদি।

(2) The Non-Party Care-taker Government shall be collectively responsible to the President.

(3) The executive power of the Republic shall, during the period mentioned in clause (1), be exercised, subject to the provisions of article 58D(1), in accordance with this Constitution, by or on the authority of the Chief Adviser and shall be exercised by him in accordance with the advice of the Non-Party Care-taker Government.

(4) The provisions of article 55(4), (5) and (6) shall (with the necessary adaptations) apply to similar matters during the period mentioned in clause (1).

58C. (1) The Non-Party Care-taker Government shall consist of the Chief Adviser at its head and not more than ten other Advisers, all of whom shall be appointed by the President.

**Composition of the
Non-Party Care-taker
Government,
appointment of
Advisers, etc.**

(2) The Chief Adviser and other Advisers shall be appointed within fifteen days after Parliament is dissolved or stands dissolved, and during the period between the date on which Parliament is dissolved or stands dissolved and the date on which the Chief Adviser is appointed, the Prime Minister and his cabinet who were in office immediately before Parliament was dissolved or stood dissolved shall continue to hold office as such.

(3) The President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Chief Justice is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired next before the last retired Chief Justice.

(4) If no retired Chief Justice is available or willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Judge is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired next before the last such retired Judge.

(5) If no retired Judge of the Appellate Division is available or willing to hold the office of Chief Adviser, the President shall, after consultation, as far as practicable, with the major political parties, appoint the Chief Adviser from among citizens of Bangladesh who are qualified to be appointed as Advisers under this article.

(৬) এই পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যদি (৩), (৪) ও (৫) দফাসমূহের বিধানাবলীকে কার্যকর করা না যায়, তাহা হইলে রাষ্ট্রপতি এই সংবিধানের অধীন তাহার স্বীয় দায়িত্বের অতিরিক্ত হিসাবে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করিবেন।

(৭) রাষ্ট্রপতি—

- (ক) সংসদ-সদস্য হিসাবে নির্বাচিত হইবার যোগ্য ;
- (খ) কোন রাজনৈতিক দল অথবা কোন রাজনৈতিক দলের সহিত যুক্ত বা অঙ্গীভূত কোন সংগঠনের সদস্য নহেন ;
- (গ) সংসদ-সদস্যদের আসন্ন নির্বাচনে প্রার্থী নহেন, এবং প্রার্থী হইবেন না মর্মে লিখিতভাবে সম্মত হইয়াছেন ;
- (ঘ) বাহাত্তর বৎসরের অধিক বয়স্ক নহেন।

এইরূপ ব্যক্তিগণের মধ্য হইতে উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৮) রাষ্ট্রপতি প্রধান উপদেষ্টার পরামর্শ অনুযায়ী উপদেষ্টাগণের নিয়োগদান করিবেন।

(৯) রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরযুক্ত পত্রযোগে প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(১০) প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা এই অনুচ্ছেদের অধীন উক্তরূপ নিয়োগের যোগ্যতা হারাইলে তিনি উক্ত পদে বহাল থাকিবেন না।

(১১) প্রধান উপদেষ্টা প্রধানমন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন এবং উপদেষ্টা মন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন।

(১২) নূতন সংসদ গঠিত হইবার পর প্রধানমন্ত্রী যে তারিখে তাহার পদের কার্যভার গ্রহণ করেন সেই তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হইবে।

নির্দলীয় তত্ত্বাবধায়ক
সরকারের কার্যাবলী।

৫৮ঘ। (১) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার একটি অন্তর্বর্তীকালীন সরকার হিসাবে ইহার দায়িত্ব পালন করিবেন এবং প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ব্যক্তিগণের সাহায্য ও সহায়তায় উক্তরূপ সরকারের দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করিবেন ; এবং এইরূপ কার্যাবলী সম্পাদনের প্রয়োজন ব্যতীত কোন নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ করিবেন না।

(২) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার শান্তিপূর্ণ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সংসদ-সদস্যগণের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য যেরূপ সাহায্য ও সহায়তার প্রয়োজন হইবে, নির্বাচন কমিশনকে সেইরূপ সকল সন্ধ্যা সাহায্য ও সহায়তা প্রদান করিবেন।

সংবিধানের কতিপয়
বিধানের
অকার্যকরতা।

৫৮ঙ। এই সংবিধানের ৪৮(৩), ১৪১ক(১) এবং ১৪১গ(১) অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন, ৫৮খ অনুচ্ছেদের (১) দফার মেয়াদে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের কার্যকালে রাষ্ট্রপতি কর্তৃক প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী বা তাহার প্রতিশ্রুতির গ্রহণাভে কার্য করার বিধানসমূহ অকার্যকর হইবে।

(6) Notwithstanding anything contained in this Chapter, if the provisions of clauses (3), (4) and (5) cannot be given effect to, the President shall assume the functions of the Chief Adviser of the Non-Party Care-taker Government in addition to his own functions under this Constitution.

(7) The President shall appoint Advisers from among the persons who are—

- (a) qualified for election as members of Parliament ;
- (b) not members of any political party or of any organization associated with or affiliated to any political party ;
- (c) not, and have agreed in writing not to be, candidates for the ensuing election of members of Parliament ;
- (d) not over seventy-two years of age.

(8) The Advisers shall be appointed by the President on the advice of the Chief Adviser.

(9) The Chief Adviser or an Adviser may resign his office by writing under his hand addressed to the President.

(10) The Chief Adviser or an Adviser shall cease to be Chief Adviser or Adviser if he is disqualified to be appointed as such under this article.

(11) The Chief Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Prime Minister, and an Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Minister.

(12) The Non-Party Care-taker Government shall stand dissolved on the date on which the Prime Minister enters upon his office after the constitution of new Parliament.

58D. (1) The Non-Party Care-taker Government shall discharge its functions as an interim government and shall carry on the routine functions of such government with the aid and assistance of persons in the services of the Republic ; and, except in the case of necessity for the discharge of such functions it shall not make any policy decision.

Functions of Non-Party Care-taker Government.

(2) The Non-Party Care-taker Government shall give to the Election Commission all possible aid and assistance that may be required for holding the general election of members of Parliament peacefully, fairly and impartially.

58E. Notwithstanding anything contained in articles 48(3), 141A(1) and 141C(1) of the Constitution, during the period the Non-Party Care-taker Government is functioning, provisions in the Constitution requiring the President to act on the advice of the Prime Minister or upon his prior counter-signature shall be ineffective.]

Certain provisions of the Constitution to remain ineffective.

৩য় পরিচ্ছেদ— স্থানীয় শাসন

স্থানীয় শাসন।

৫৯। (১) আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক এককায়ের স্থানীয় শাসনের ভার প্রদান করা হইবে।

(২) এই সংবিধান ও অন্য কোন আইন-সাপেক্ষে সংসদ আইনের দ্বারা যেরূপ নির্দিষ্ট করিবেন, এই অনুচ্ছেদের (১) দফায় উল্লিখিত অনুরূপ প্রত্যেক প্রতিষ্ঠান যথোপযুক্ত প্রশাসনিক এককায়ের মধ্যে সেইরূপ দায়িত্ব পালন করিবেন এবং অনুরূপ আইনে নিম্নলিখিত বিষয়-সংক্রান্ত দায়িত্ব অন্তর্ভুক্ত হইতে পারিবে :

- (ক) প্রশাসন ও সরকারী কর্মচারীদের কার্য ;
- (খ) জনশৃঙ্খলা রক্ষা ;
- (গ) জনসাধারণের কার্য ও অর্থনৈতিক উন্নয়ন-সম্পর্কিত পরিকল্পনা-প্রণয়ন ও বাস্তবায়ন।

স্থানীয় শাসন-
সংক্রান্ত প্রতিষ্ঠানের
ক্ষমতা।

৬০। এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের বিধানাবলীকে পূর্ণ কার্যকরতাদানের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা উক্ত অনুচ্ছেদে উল্লিখিত স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করিবার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করিবেন।

৪র্থ পরিচ্ছেদ— প্রতিরক্ষা কর্মবিভাগ

সর্বাধিনায়কতা।

৬১। বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত হইবে এবং আইনের দ্বারা তাহার প্রয়োগ নিয়ন্ত্রিত হইবে এবং যে মেয়াদে ৫৮খ অনুচ্ছেদের অধীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে সেই মেয়াদে উক্ত আইন রাষ্ট্রপতি কর্তৃক পরিচালিত হইবে।

প্রতিরক্ষা কর্মবিভাগে
ভর্তি প্রভৃতি।

৬২। (১) সংসদ আইনের দ্বারা নিম্নলিখিত বিষয়সমূহ নিয়ন্ত্রণ করিবেন :

- (ক) বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ ও উক্ত কর্মবিভাগসমূহের সংরক্ষিত অংশসমূহ গঠন ও রক্ষণাবেক্ষণ ;
- (খ) উক্ত কর্মবিভাগসমূহে কমিশন মঞ্জুরী ;
- (গ) প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধানদের নিয়োগদান ও তাঁহাদের বেতন ও ভাতা-নির্ধারণ ; এবং
- (ঘ) উক্ত কর্মবিভাগসমূহ ও সংরক্ষিত অংশসমূহ-সংক্রান্ত শৃঙ্খলামূলক ও অন্যান্য বিষয়।

সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১নং আইন)-এর ৪ ধারাবলে "নিয়ন্ত্রিত হইবে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

CHAPTER III—LOCAL GOVERNMENT

59. (1) Local Government in every administrative unit of the Republic shall be entrusted to bodies, composed of persons elected in accordance with law. **Local Government.**

(2) Everybody such as is referred to in clause (1) shall, subject to this Constitution and any other law, perform within the appropriate administrative unit such functions as shall be prescribed by Act of Parliament, which may include functions relating to—

- (a) administration and the work of public officers ;
- (b) the maintenance of public order ;
- (c) the preparation and implementation of plans relating to public services and economic development.

60. For the purpose of giving full effect to the provisions of article 59 Parliament shall, by law, confer powers on the local government bodies referred to in that article, including power to impose taxes for local purposes, to prepare their budgets and to maintain funds.] **Powers of local government bodies.**

CHAPTER IV—THE DEFENCE SERVICES

61. The supreme command of the defence services of Bangladesh shall vest in the President and the exercise thereof shall be regulated by law¹[and such law shall, during the period in which there is a Non-Party Care-taker Government under article 58B, be administered by the President.] **Supreme command.**

62. (1) Parliament shall by law provide for regulating— **Recruitment, etc., of defence services.**
- (a) the raising and maintaining of the defence services of Bangladesh and of their reserves ;
 - (b) the grant of commissions therein ;
 - (c) the appointment of chiefs of staff of the defence services, and their salaries and allowances ; and
 - (d) the discipline and other matters relating to those services and reserves.

¹ Inserted by the Constitution (Thirteenth Amendment) Act, 1996 (Act I of 1996). s. 4.

(২) সংসদ আইনের দ্বারা এই অনুচ্ছেদের (১) দফায় বর্ণিত বিষয়সমূহের জন্য বিধান না করা পর্যন্ত অনুরূপ যে সকল বিষয় প্রচলিত আইনের অধীন নহে, রাষ্ট্রপতি আদেশের দ্বারা সেই সকল বিষয়ের জন্য বিধান করিতে পারিবেন।

যুদ্ধ।

৬৩। (১) সংসদের সম্মতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাইবে না কিংবা প্রজাতন্ত্র কোন যুদ্ধে অংশ গ্রহণ করিবেন না।

* * * * *

৫ম পরিচ্ছেদ— অ্যাটর্নি-জেনারেল

অ্যাটর্নি-জেনারেল

৬৪। (১) সুপ্রীম কোর্টের বিচারক হইবার যোগ্য কোন ব্যক্তিকে রাষ্ট্রপতি বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল-পদে নিয়োগদান করিবেন।

(২) অ্যাটর্নি-জেনারেল রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত সকল দায়িত্ব পালন করিবেন।

(৩) অ্যাটর্নি-জেনারেলের দায়িত্বপালনের জন্য বাংলাদেশের সকল আদালতে তাহার বক্তব্য পেশ করিবার অধিকার থাকিবে।

(৪) রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত অ্যাটর্নি-জেনারেল স্থায় পদে বহাল থাকিবেন এবং রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক লাভ করিবেন।

(2) Until Parliament by law provides for the matters specified in clause (1) the President may, by order, provide for such of them as are not already subject to existing law.

63. (1) War shall not be declared and the Republic shall not participate War. in any war except with the assent of Parliament.

1. * * * * *

CHAPTER V—THE ATTORNEY-GENERAL

64. (1) The President shall appoint a person who is qualified to be appointed as a judge of the Supreme Court to be Attorney-General for Bangladesh. The Attorney-General.

(2) The Attorney-General shall perform such duties as may be assigned to him by the President.

(3) In the performance of his duties, the Attorney-General shall have the right of audience in all courts of Bangladesh.

(4) The Attorney-General shall hold office during the pleasure of the President, and shall receive such remuneration as the President may determine.

2. * * * * *

¹ Clauses (2) and (3) were omitted by the Constitution (Second Amendment) Act, 1973 (Act XXIV of 1973) s. 4.

² Chapter VI—“ADVOCATE-GENERAL” was omitted by the Second Proclamations (Amendment) Order, 1977 (Second Proclamations Order No. 1 of 1977), which was added by the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order No. IV of 1976).

পঞ্চম ভাগ
আইনসভা

১ম পরিচ্ছেদ— সংসদ

সংসদ-প্রতিষ্ঠা।

(৬৫) (১) "জাতীয় সংসদ" নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে এবং এই সংবিধানের বিধানবলী-সাপেক্ষে প্রজাতন্ত্রের আইনপ্রণয়ন-ক্ষমতা সংসদের উপর ন্যস্ত হইবে :

তবে শর্ত থাকে যে, সংসদের আইন দ্বারা যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন বা আইনগত কার্যকরতাসম্পন্ন অন্যান্য চুক্তিপত্র প্রণয়নের ক্ষমতাপ্রাপ্ত হইতে এই দফার কোন কিছুই সংসদকে নিবৃত্ত করিবে না।

(২) একক আঞ্চলিক নির্বাচনী এলাকাসমূহ হইতে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে আইনানুযায়ী নির্বাচিত তিন শত সদস্য লইয়া এবং এই অনুচ্ছেদের (৩) দফার কার্যকরতাকালে উক্ত দফায় বর্ণিত সদস্যদিগকে লইয়া সংসদ গঠিত হইবে ; সদস্যগণ সংসদ-সদস্য বলিয়া অভিহিত হইবেন।

†(৩) সংবিধান (দশম সংশোধন) আইন, ১৯৯০ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অব্যবহিত পরবর্তী সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে শুরু করিয়া দশ বৎসরকাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তীকালে সংসদ ভাঙিয়া না যাওয়া পর্যন্ত ত্রিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাহার আইনানুযায়ী পূর্বেক্ত সদস্যদের দ্বারা নির্বাচিত হইবেন :

তবে শর্ত থাকে যে, এই দফার কোন কিছুই এই অনুচ্ছেদের (২) দফার অধীন কোন আসনে কোন মহিলার নির্বাচন নিবৃত্ত করিবে না।

(৪) রাজধানীতে সংসদের আসন থাকিবে।

সংসদে নির্বাচিত
হইবার যোগ্যতা ও
অযোগ্যতা।

৬৬। (১) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক হইলে এবং তাহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হইলে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত বিধান-সাপেক্ষে তিনি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন।

(২) কোন ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি

- (ক) কোন উপযুক্ত আদালত তাহাকে অগ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন ;
- (খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন ;
- (গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন ;
- (ঘ) তিনি নৈতিক স্থলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যান্য দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে ;

†সংবিধান (দশম সংশোধন) আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩৮ নং আইন)-এর ২ ধারাবলে (৩) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

PART V
THE LEGISLATURE
CHAPTER I—PARLIAMENT

65. (1) There shall be a Parliament for Bangladesh (to be known as the House of the Nation) in which, subject to the provisions of this Constitution, shall be vested the legislative powers of the Republic : Establishment of Parliament.

Provided that nothing in this clause shall prevent Parliament from delegating to any person or authority, by Act of Parliament, power to make orders, rules, regulations, bye-laws or other instruments having legislative effect.

(2) Parliament shall consist of three hundred members to be elected in accordance with law from single territorial constituencies by direct election and, for so long as clause (3) is effective, the members provided for in that clause ; the members shall be designated as Members of Parliament.

¹[(3) Until the dissolution of Parliament occurring next after the expiration of the period of ten years beginning from the date of the first meeting of the Parliament next after the Parliament in existence at the time of commencement of the Constitution (Tenth Amendment) Act, 1990, there shall be reserved thirty seats exclusively for women members, who shall be elected according to law by the members aforesaid :

Provided that nothing in this clause shall prevent a woman from being elected to any of the seats provided for in clause (2).]

(4) The seat of Parliament shall be in the capital.

66. (1) A person shall subject to the provisions of clause (2), be qualified to be elected as, and to be, a member of Parliament if he is a citizen of Bangladesh and has attained the age of twenty-five years.

Qualifications and disqualifications for election to Parliament.

(2) A person shall be disqualified for election as, or for being a member of Parliament who—

- (a) is declared by a competent court to be of unsound mind ;
- (b) is an undischarged insolvent ;
- (c) acquires the citizenship of, or affirms or acknowledges allegiance to, a foreign state ;
- (d) has been, on conviction for a criminal offence involving moral turpitude, sentenced to imprisonment for a term of not less than two years, unless a period of five years has elapsed since his release : ²*

¹Substituted for the former clause (3) by the Constitution (Tenth Amendment) Act, 1990 (Act XXXVIII of 1990), s. 2.

²The word "or" was omitted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

[(ঘ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন ; অথবা]

* * * * *

(ছ) তিনি কোন আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন।

[(২ক) এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, * * * প্রধানমন্ত্রী, * * * মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।]

* * * * *

(৪) কোন সংসদ-সদস্য তাহার নির্বাচনের পর এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত অযোগ্যতার অধীন হইয়াছেন কি না কিংবা এই সংবিধানের ৭০ অনুচ্ছেদ-অনুসারে কোন সংসদ-সদস্যের আসন শূন্য হইবে কি না, সে সম্পর্কে কোন বিতর্ক দেখা দিলে গনানী ও নিষ্পত্তির জন্য প্রশ্টি নির্বাচন কমিশনের নিকট প্রেরিত হইবে এবং অনুরূপ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৫) এই অনুচ্ছেদের (৪) দফার বিধানাবলী যাহাতে পূর্ণ কার্যকরতা লাভ করিতে পারে, সেই উদ্দেশ্যে নির্বাচন কমিশনকে ক্ষমতাদানের জন্য সংসদ যেরূপ প্রয়োজন বোধ করিবেন, আইনের দ্বারা সেইরূপ বিধান করিতে পারিবেন।

৬৭। (১) কোন সংসদ-সদস্যের আসন শূন্য হইবে, যদি

(ক) তাহার নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে নব্বই দিনের মধ্যে তিনি তৃতীয় তফসিলে নির্ধারিত শপথগ্রহণ বা ঘোষণা করিতে ও শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিতে অসমর্থ হন :

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে সন্নিবেশিত।

^২ উপরোক্ত আদেশবলে (ঙ) উপ-দফা বিলুপ্ত।

^৩ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ৫ ধারাবলে (চ) উপ-দফা বিলুপ্ত।

^৪ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে সন্নিবেশিত।

^৫ সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৮১ (১৯৮১ সনের ১৪ নং আইন)-এর ৩ ধারাবলে "কেবল প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৬ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৪ ধারাবলে "উপ-রাষ্ট্রপতি," শব্দটি ও কমাটি বিলুপ্ত।

^৭ উপরোক্ত আইনবলে "উপ-প্রধানমন্ত্রী," শব্দটি ও কমাটি বিলুপ্ত।

^৮ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ৫ ধারাবলে (৩) দফা বিলুপ্ত।

¹[(dd) holds any office of profit in the service of the Republic other than an office which is declared by law not to disqualify its holders ; or]

2. * * * * *

3. * * * * *

(g) is disqualified for such election by or under any law.

⁴[(2A) For the purposes of this article a person shall not be deemed to hold an office of profit in the service of the Republic by reason only that ⁵[he is a President, ⁶ Prime Minister], ⁷ * * * Minister, Minister of State or Deputy Minister.]

8. * * * * *

(4) If any dispute arises as to whether a member of Parliament has, after his election, become subject to any of the disqualifications mentioned in clause (2) or as to whether a member of Parliament should vacate his seat pursuant to article 70, the dispute shall be referred to the Election Commission to hear and determine it and the decision of the Commission on such reference shall be final.

(5) Parliament may, by law, make such provision as it deems necessary for empowering the Election Commission to give full effect to the provisions of clause (4).

67. (1) A member of Parliament shall vacate his seat—

Vacation of seats of members.

(a) if he fails, within the period of ninety days from the date of the first meeting of Parliament after his election, to make and subscribe ⁹ * * the oath or affirmation prescribed for a member of Parliament in the Third Schedule :

¹ Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

² Sub-clause (e) was omitted by the Second Proclamation (Third Amendment) Order, 1975 (Second Proclamation Order No. III of 1975).

³ Sub-clause (f) was omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 5.

⁴ Inserted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

⁵ Substituted for the words "he is a Prime Minister" by the Constitution (Sixth Amendment) Act, 1961 (Act XIV of 1961), s. 3.

⁶ The word and comma "Vice-President," were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 4.

⁷ The words and comma "Deputy Prime Minister," were omitted, *ibid*.

⁸ Clause (3) was omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 5.

⁹ The words "before Parliament" were omitted, *ibid*.

তবে শর্ত থাকে যে, অনুরূপ মেয়াদ অতিবাহিত হইবার পূর্বে
স্পীকার যথার্থ কারণে তাহা বর্ধিত করিতে পারিবেন :

- (খ) সংসদের অনুমতি না লইয়া তিনি একাদিক্রমে নব্বই বৈঠক-দিবস
অনুপস্থিত থাকেন ;
- (গ) সংসদ ভাঙ্গিয়া যায় ;
- (ঘ) তিনি এই সংবিধানের ৬৬ অনুচ্ছেদের (২) দফার অধীন অযোগ্য
হইয়া যান ; অথবা
- (ঙ) এই সংবিধানের ৭০ অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতির উদ্ভব হয় ।

(২) কোন সংসদ-সদস্য স্পীকারের নিকট স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ
ত্যাগ করিতে পারিবেন, এবং স্পীকার—কিংবা স্পীকারের পদ শূন্য থাকিলে বা অন্য
কোন কারণে স্পীকার স্বীয় দায়িত্ব পালনে অসমর্থ হইলে ডেপুটি স্পীকার—যখন উক্ত
পত্র প্রাপ্ত হন, তখন হইতে উক্ত সদস্যের আসন শূন্য হইবে ।

সংসদ-সদস্যদের
পারিশ্রমিক প্রভৃতি ।

৬৮। সংসদের আইন-দ্বারা কিংবা অনুরূপভাবে নির্ধারিত না হওয়া পর্যন্ত
রাষ্ট্রপতি কর্তৃক আদেশের দ্বারা যেরূপ নির্ধারিত হইবে, সংসদ-সদস্যগণ সেইরূপ
পারিশ্রমিক, ভাতা ও বিশেষ-অধিকার লাভ করিবেন ।

শপথগ্রহণের পূর্বে
আসনগ্রহণ বা ভোট-
দান করিলে সদস্যের
অর্ধদত্ত ।

৬৯। কোন ব্যক্তি এই সংবিধানের বিধানানুযায়ী শপথগ্রহণ বা ঘোষণা
করিবার এবং শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিবার পূর্বে কিংবা তিনি সংসদ-
সদস্য হইবার যোগ্য নহেন বা অযোগ্য হইয়াছেন জানিয়া সংসদ-সদস্যরূপে
আসনগ্রহণ বা ভোটদান করিলে তিনি প্রতি দিনের অনুরূপ কার্যের জন্য প্রজাতন্ত্রের
নিকট দেনা হিসাবে উসুলযোগ্য এক হাজার টাকা করিয়া অর্ধদত্তে দস্তনীয় হইবেন ।

পদত্যাগ ইত্যাদি
কারণে আসন শূন্য
হওয়া ।

(৭০) (১) কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত
হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি উক্ত দল হইতে পদত্যাগ
করেন, অথবা সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন, তাহা হইলে সংসদে
তাঁহার আসন শূন্য হইবে ।

ব্যাখ্যা।— যদি কোন সংসদ-সদস্য, যে দল তাঁহাকে নির্বাচনে প্রার্থীরূপে
মনোনীত করিয়াছেন, সেই দলের নির্দেশ অমান্য করিয়া—

(ক) সংসদে উপস্থিত থাকিয়া ভোটদানে বিরত থাকেন, অথবা

(খ) সংসদের কোন বৈঠকে অনুপস্থিত থাকেন,

তাহা হইলে তিনি উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবেন ।

^১ সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩০ নং আইন)-এর ৪ ধারাবলে
“বেতন” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত ।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৫ ধারাবলে ৭০
অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত ।

Provided that the Speaker may, before the expiration of that period, for good cause extend it ;

- (b) if he is absent from Parliament, without the leave of Parliament, for ninety consecutive sitting days ;
- (c) upon a dissolution of Parliament ;
- (d) if he has incurred a disqualification under clause (2) of article 66 ; or
- (e) in the circumstances specified in article 70.

(2) A member of Parliament may resign his seat by writing under his hand addressed to the Speaker, and the seat shall become vacant when the writing is received by the Speaker or, if the office of Speaker is vacant or the Speaker is for any reason unable to perform his functions, by the Deputy Speaker.

68. Members of Parliament shall be entitled to such ¹[remuneration], allowances and privileges as may be determined by Act of Parliament or, until so determined, by order made by the President. ¹[Remuneration], etc., of members of Parliament.

69. If a person sits or votes as a member of Parliament before he makes or subscribes the oath or affirmation in accordance with this Constitution, or when he knows that he is not qualified or is disqualified for membership thereof, he shall be liable in respect of each day on which he so sits or votes to a penalty of one thousand taka to be recovered as a debt due to the Republic. Penalty for member sitting or voting before taking oath.

²(70) (1) A person elected as a member of Parliament at an election at which he was nominated as a candidate by a political party shall vacate his seat if he resigns from that party or votes in Parliament against that party. Vacation of seat on resignation, etc.

Explanation.—If a member of Parliament—

- (a) being present in Parliament abstains from voting, or
- (b) absents himself from any sitting of Parliament,

ignoring the direction of the party which nominated him at the election as a candidate not to do so, he shall be deemed to have voted against that party.

¹Substituted for the word "salaries" by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), s. 6.

²Substituted for the former article 70 by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 5.

(২) যদি কোন সময় কোন রাজনৈতিক দলের সংসদীয় দলের নেতৃত্ব সম্পর্কে কোন প্রশ্ন উঠে তাহা হইলে সংসদে সেই দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যের নেতৃত্বের দাবীদার কোন সদস্য কর্তৃক লিখিতভাবে অবহিত হইবার সাত দিনের মধ্যে স্পীকার সংসদের কার্যপ্রণালী-বিধি অনুযায়ী উক্ত দলের সকল সংসদ-সদস্যের সভা আহ্বান করিয়া বিভক্তি ভোটের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা উক্ত দলের সংসদীয় নেতৃত্ব নির্ধারণ করিবেন এবং সংসদে ভোটদানের ব্যাপারে অনুরূপ নির্ধারিত নেতৃত্বের নির্দেশ যদি কোন সদস্য অমান্য করেন তাহা হইলে তিনি (১) দফার অধীন উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

(৩) যদি কোন ব্যক্তি নির্দলীয় প্রার্থীরূপে সংসদ-সদস্য নির্বাচিত হইবার পর কোন রাজনৈতিক দলে যোগদান করেন, তাহা হইলে তিনি এই অনুচ্ছেদের উদ্দেশ্য-সাধনকল্পে উক্ত দলের মনোনীত প্রার্থীরূপে সংসদ-সদস্য নির্বাচিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।]

বৈত-সদস্যতায়
বাধা।

৭১। (১) কোন ব্যক্তি একই সময়ে দুই বা ততোধিক নির্বাচনী এলাকার সংসদ-সদস্য হইবেন না।

(২) কোন ব্যক্তির একই সময়ে দুই বা ততোধিক নির্বাচনী এলাকা হইতে নির্বাচনপ্রার্থী হওয়ায় এই অনুচ্ছেদের (১) দফায় বর্ণিত কোন কিছুই প্রতিবন্ধকতা সৃষ্টি করিবে না, তবে তিনি যদি একাধিক নির্বাচনী এলাকা হইতে নির্বাচিত হন তাহা হইলে

(ক) তাঁহার সর্বশেষ নির্বাচনের ত্রিশ দিনের মধ্যে তিনি কোন নির্বাচনী এলাকার প্রতিনিধিত্ব করিতে ইচ্ছুক, তাহা জ্ঞাপন করিয়া নির্বাচন কমিশনকে একটি স্বাক্ষরযুক্ত ঘোষণা প্রদান করিবেন এবং তিনি অন্য যে সকল নির্বাচনী এলাকা হইতে নির্বাচিত হইয়াছিলেন, অতঃপর সেই সকল এলাকার আসনসমূহ শূন্য হইবে ;

(খ) এই দফার (ক) উপ-দফা মান্য করিতে অসমর্থ হইলে তিনি যে সকল আসনে নির্বাচিত হইয়াছিলেন, সেই সকল আসন শূন্য হইবে ; এবং

(গ) এই দফার উপরি-উক্ত বিধানসমূহ যতখানি প্রযোজ্য, ততখানি পালন না করা পর্যন্ত নির্বাচিত ব্যক্তি সংসদ-সদস্যের শপথগ্রহণ বা ঘোষণা করিতে ও শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিতে পারিবেন না।

সংসদের অধিবেশন।

৭২। (১) সরকারী বিজ্ঞপ্তি-দ্বারা রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করিবেন এবং সংসদ আহ্বানকালে রাষ্ট্রপতি প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করিবেন :

তবে শর্ত থাকে যে, সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকিবে না :

তবে আরও শর্ত থাকে যে, এই দফার অধীন তাঁহার দায়িত্ব পালনে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী কর্তৃক লিখিতভাবে প্রদত্ত পরামর্শ অনুযায়ী কার্য করিবেন।]

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২৮ নং আইন)-এর ৬(ক) ধারাবলে শর্তাংশের পরিবর্তে প্রতিস্থাপিত।

(2) If, at any time, any question as to the leadership of the Parliamentary party of a political party arises, the Speaker shall, within seven days of being informed of it in writing by a person claiming the leadership of the majority of the members of that party in Parliament, convene a meeting of all members of Parliament of that party in accordance with the rules of procedure of Parliament and determine its Parliamentary leadership by the votes of the majority through division and if, in the matter of voting in Parliament, any member does not comply with the direction of the leadership so determined, he shall be deemed to have voted against that party under clause (1) and shall vacate his seat in the Parliament.

(3) If a person, after being elected a member of Parliament as an independent candidate, joins any political party, he shall, for the purpose of this article, be deemed to have been elected as a nominee of that Party.]

71. (1) No person shall at the same time be a member of Parliament in respect of two or more constituencies.

Bar against double membership.

(2) Nothing in clause (1) shall prevent a person from being at the same time a candidate for two or more constituencies, but in the event of his being elected for more than one—

- (a) within thirty days after his last election the person elected shall deliver to the Chief Election Commissioner a signed declaration specifying the constituency which he wishes to represent, and the seats of the other constituencies for which he was elected shall thereupon fall vacant ;
- (b) if the person elected fails to comply with sub-clause (a) all the seats for which he was elected shall fall vacant ; and
- (c) the person elected shall not make or subscribe the oath or affirmation of a member of Parliament until the foregoing provisions of this clause, so far as applicable, have been complied with.

72. (1) Parliament shall be summoned, prorogued and dissolved by the President by public notification, and when summoning Parliament the President shall specify the time and place of the first meeting :

Sessions of Parliament.

¹[Provided that a period exceeding sixty days shall not intervene between the end of one session and the first sitting of Parliament in the next session :

Provided further that in the exercise of his functions under this clause, the President shall act in accordance with the advice of the Prime Minister tendered to him in writing.]

¹Substituted for the former proviso by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 6 (a).

(২) এই অনুচ্ছেদের (১) দফার বিধানাবলী সত্ত্বেও সংসদ-সদস্যদের যে কোন সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষিত হইবার ত্রিশ দিনের মধ্যে বৈঠক অনুষ্ঠানের জন্য সংসদ আহ্বান করা হইবে।

(৩) রাষ্ট্রপতি পূর্বে ভাজিয়া না দিয়া থাকিলে প্রথম বৈঠকের তারিখ হইতে পাঁচ বৎসর অতিবাহিত হইলে সংসদ ভাজিয়া যাইবে :

তবে শর্ত থাকে যে, প্রজাতন্ত্র যুদ্ধে লিপ্ত থাকিবার কালে সংসদের আইন-দ্বারা অনুরূপ মেয়াদ এককালে অনধিক এক বৎসর বর্ধিত করা যাইতে পারিবে, তবে যুদ্ধ সমাপ্ত হইলে বর্ধিত মেয়াদ কোনক্রমে ছয় মাসের অধিক হইবে না।

(৪) সংসদ ভঙ্গ হইবার পর এবং সংসদের পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠানের পূর্বে রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, প্রজাতন্ত্র যে যুদ্ধে লিপ্ত রহিয়াছেন, সেই যুদ্ধাবস্থার বিদ্যমানতার জন্য সংসদ পুনরাহ্বান করা প্রয়োজন, তাহা হইলে যে সংসদ ভাজিয়া দেওয়া হইয়াছিল, রাষ্ট্রপতি তাহা আহ্বান করিবেন।

* * * * *

(৫) এই অনুচ্ছেদের (১) দফার বিধানাবলী-সাপেক্ষে কার্যপ্রণালী-বিধি-দ্বারা বা অন্যভাবে সংসদ যেরূপ নির্ধারণ করিবেন, সংসদের বৈঠকসমূহ সেইরূপ সময়ে ও স্থানে অনুষ্ঠিত হইবে।

সংসদে রাষ্ট্রপতির
ভাষণ ও বাণী।

৭৩। (১) রাষ্ট্রপতি সংসদে ভাষণ দান এবং বাণী প্রেরণ করিতে পারিবেন।

(২) সংসদ-সদস্যদের প্রত্যেক সাধারণ নির্বাচনের পর প্রথম অধিবেশনের সূচনায় এবং প্রত্যেক বৎসর প্রথম অধিবেশনের সূচনায় রাষ্ট্রপতি সংসদে ভাষণ দান করিবেন।

(৩) রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণ শ্রবণ বা প্রেরিত বাণী প্রাপ্তির পর সংসদ উক্ত ভাষণ বা বাণী সম্পর্কে আলোচনা করিবেন।

সংসদ সম্পর্কে
মন্ত্রীগণের অধিকার।

৭৩ক। (১) প্রত্যেক মন্ত্রী সংসদে বক্তৃতা করিতে এবং অন্যভাবে ইহার কার্যাবলীতে অংশগ্রহণ করিতে অধিকারী হইবেন, তবে যদি তিনি সংসদ-সদস্য না হন, তাহা হইলে তিনি ভোটদান করিতে পারিবেন না [এবং তিনি কেবল তাহার মন্ত্রণালয় সম্পর্কিত বিষয় সম্পর্কে বক্তব্য রাখিতে পারিবেন]।

^১ সংবিধান (ষাটশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৬(খ) ধারাবলে (৪ক) দফা বিলুপ্ত।

^২ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ৮ ধারাবলে সন্নিবেশিত।

^৩ সংবিধান (ষাটশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৭(ক) ধারাবলে সন্নিবেশিত।

(2) Notwithstanding the provisions of clause (1) Parliament shall be summoned to meet within thirty days after the declaration of the results of polling at any general election of members of Parliament.

(3) Unless sooner dissolved by the President, Parliament shall stand dissolved on the expiration of the period of five years from the date of its first meeting :

Provided that at any time when the Republic is engaged in war the period may be extended by Act of Parliament by not more than one year at a time but shall not be so extended beyond six months after the termination of the war.

(4) If after a dissolution and before the holding of the next general election of members of Parliament the President is satisfied that owing to the existence of a state of war in which the Republic is engaged it is necessary to recall Parliament, the President shall summon the Parliament that has been dissolved to meet.

1.

(5) Subject to the provisions of clause (1) the sittings of Parliament shall be held at such times and places as Parliament may, by its rules of procedure or otherwise, determine.

73. (1) The President may address Parliament and may send messages thereto.

President's address and messages to Parliament.

(2) At the commencement of the first session after a general election of members of Parliament and at the commencement of the first session of each year the President shall address Parliament.

(3) Parliament shall, after the presentation of an address by the President, or the receipt of a message from him, discuss the matter referred to in such address or message.

²[73A. (1) Every Minister shall have the right to speak in, and otherwise to take part in the proceedings of Parliament, but shall not be entitled to vote ³[or to speak on any matter not related to his Ministry] unless he is a member of Parliament also.

Rights of Ministers as respects Parliament.

¹ Clause (4A) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 6(b).

² Inserted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 9.

³ Inserted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 7(a).

(২) এই অনুচ্ছেদে "মন্ত্রী" বলিতে প্রধানমন্ত্রী^১,^২*, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী অন্তর্ভুক্ত।।

স্পীকার ও ডেপুটি
স্পীকার।

৭৪। (১) কোন সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ-সদস্যদের মধ্য হইতে সংসদ একজন স্পীকার ও একজন ডেপুটি স্পীকার নির্বাচিত করিবেন, এবং এই দুই পদের যে কোনটি শূন্য হইলে সাত দিনের মধ্যে কিংবা ঐ সময়ে সংসদ বৈঠকরত না থাকিলে পরবর্তী প্রথম বৈঠকে তাহা পূর্ণ করিবার জন্য সংসদ-সদস্যদের মধ্য হইতে একজনকে নির্বাচিত করিবেন।

(২) স্পীকার বা ডেপুটি স্পীকারের পদ শূন্য হইবে, যদি

- (ক) তিনি সংসদ-সদস্য না থাকেন ;
- (খ) তিনি মন্ত্রী-পদ গ্রহণ করেন ;
- (গ) পদ হইতে তাহার অপসারণ দাবী করিয়া মোট সংসদ-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সমর্থিত কোন প্রস্তাব (প্রস্তাবটি উত্থাপনের অভিপ্রায় জ্ঞাপন করিয়া অন্যান্য চৌদ্দ দিনের নোটিশ প্রদানের পর) সংসদে গৃহীত হয় ;
- (ঘ) তিনি রত্নপতির নিকট স্বাক্ষরযুক্ত পত্রযোগে তাহার পদ ত্যাগ করেন ;
- (ঙ) কোন সাধারণ নির্বাচনের পর অন্য কোন সদস্য তাহার কার্যভার গ্রহণ করেন ; অথবা
- (চ) ডেপুটি স্পীকারের ক্ষেত্রে, তিনি স্পীকারের পদে যোগদান করেন।

(৩) স্পীকারের পদ শূন্য হইলে বা তিনি রত্নপতিরূপে কার্য করিলে কিংবা অন্য কোন কারণে তিনি স্বীয় দায়িত্ব পালনে অসমর্থ বলিয়া সংসদ নির্ধারণ করিলে স্পীকারের সকল দায়িত্ব ডেপুটি স্পীকার পালন করিবেন, কিংবা ডেপুটি স্পীকারের পদও শূন্য হইলে সংসদের কার্যপ্রণালী-বিধি-অনুযায়ী কোন সংসদ-সদস্য তাহা পালন করিবেন ; এবং সংসদের কোন বৈঠকে স্পীকারের অনুপস্থিতিতে ডেপুটি স্পীকার কিংবা ডেপুটি স্পীকারও অনুপস্থিত থাকিলে সংসদের কার্যপ্রণালী-বিধি-অনুযায়ী কোন সংসদ-সদস্য স্পীকারের দায়িত্ব পালন করিবেন।

(৪) সংসদের কোন বৈঠকে স্পীকারকে তাহার পদ হইতে অপসারণের জন্য কোন প্রস্তাব বিবেচনাকালে স্পীকার (কিংবা ডেপুটি স্পীকারকে তাহার পদ হইতে অপসারণের জন্য কোন প্রস্তাব বিবেচনাকালে ডেপুটি স্পীকার) উপস্থিত থাকিলেও সভাপতিত্ব করিবেন না এবং এই অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত ক্ষেত্রমত স্পীকার বা ডেপুটি স্পীকারের অনুপস্থিতিকালীন বৈঠক সম্পর্কে প্রযোজ্য বিধানাবলী অনুরূপ প্রত্যেক বৈঠকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে সন্নিবেশিত।

^২ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৭(খ) ধারাবলে "উপ-প্রধানমন্ত্রী" শব্দটি বিলুপ্ত।

^৩ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ৯ ধারাবলে "রত্নপতির দায়িত্ব পালনে রত থাকিলে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

(2) In this article, "Minister" includes a Prime Minister,¹ Minister of State and Deputy Minister.]

74. (1) Parliament shall at the first sitting after any general election elect from among its members a Speaker and a Deputy Speaker, and if either office becomes vacant shall within seven days or, if Parliament is not then sitting, at its first meeting thereafter, elect one of its members to fill the vacancy.

Speaker and Deputy Speaker.

(2) The Speaker or Deputy Speaker shall vacate his office—

- (a) if he ceases to be a member of Parliament ;
- (b) if he becomes a Minister ;
- (c) if Parliament passes a resolution (after not less than fourteen days' notice has been given of the intention to move the resolution) supported by the votes of a majority of all the members thereof, requiring his removal from office ;
- (d) if he resigns his office by writing under his hand delivered to the President ;
- (e) if after a general election another member enters upon that office ; or
- (f) in the case of the Deputy Speaker, if he enters upon the office of Speaker.

(3) While the office of the Speaker is vacant or the Speaker is² [acting as] President, or if it is determined by Parliament that the Speaker is otherwise unable to perform the functions of his office, those functions shall be performed by the Deputy Speaker or, if the office of the Deputy Speaker is vacant, by such member of Parliament as may be determined by or under the rules of procedure of Parliament ; and during the absence of the Speaker from any sitting of Parliament the Deputy Speaker or, if he also is absent, such person as may be determined by or under the rules of procedure, shall act as Speaker.

(4) At any sitting of Parliament, while a resolution for the removal of the Speaker from his office is under consideration the Speaker (or while any resolution for the removal of the Deputy Speaker from his office is under consideration, the Deputy Speaker) shall not preside, and the provisions of clause (3) shall apply in relation to every such sitting as they apply in relation to a sitting from which the Speaker or, as the case may be, the Deputy Speaker is absent.

¹The words "Deputy Prime Minister" were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s.7(b).

²Substituted for the words "exercising the functions of the" by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 10.

(৫) স্পীকার বা ডেপুটি স্পীকারের অপসারণের জন্য কোন প্রস্তাব সংসদে বিবেচিত হইবার কালে ক্ষেত্রমত স্পীকার বা ডেপুটি স্পীকারের কথা বলিবার ও সংসদের কার্যধারায় অন্যভাবে অংশগ্রহণের অধিকার থাকিবে এবং তিনি কেবল সদস্যরূপে ভোটদানের অধিকারী হইবেন।

(৬) এই অনুচ্ছেদের (২) দফার বিধানাবলী সত্ত্বেও ক্ষেত্রমত স্পীকার বা ডেপুটি স্পীকার তাহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থায় পদে বহাল রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।

কার্যপ্রণালী-বিধি,
কোরাম প্রভৃতি।

৭৫। (১) এই সংবিধান-সাপেক্ষে

- (ক) সংসদ কর্তৃক প্রণীত কার্যপ্রণালী-বিধি-দ্বারা এবং অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত রট্টপতি কর্তৃক প্রণীত কার্যপ্রণালী-বিধি-দ্বারা সংসদের কার্যপ্রণালী নিয়ন্ত্রিত হইবে ;
- (খ) উপস্থিত ও ভোটদানকারী সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সংসদে সিদ্ধান্ত গৃহীত হইবে তবে সমসংখ্যক ভোটের ক্ষেত্রে ব্যতীত সভাপতি ভোটদান করিবেন না এবং অনুরূপ ক্ষেত্রে তিনি নির্ণায়ক ভোট প্রদান করিবেন ;
- (গ) সংসদের কোন সদস্যপদ শূন্য রহিয়াছে, কেবল এই কারণে কিংবা সংসদে উপস্থিত হইবার বা ভোটদানের বা অন্য কোন উপায়ে কার্যধারায় অংশগ্রহণের অধিকার না থাকা সত্ত্বেও কোন ব্যক্তি অনুরূপ কার্য করিয়াছেন, কেবল এই কারণে সংসদের কোন কার্যধারা অবৈধ হইবে না।

(২) সংসদের বৈঠক চলাকালে কোন সময়ে উপস্থিত সদস্য-সংখ্যা ষাটের কম বলিয়া যদি সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়, তাহা হইলে তিনি অন্যান্য ষাট জন সদস্য উপস্থিত না হওয়া পর্যন্ত বৈঠক স্থগিত রাখিবেন কিংবা মূলতবী করিবেন।

সংসদের স্থায়ী
কমিটিসমূহ।

৭৬। (১) * * * * সংসদ-সদস্যদের মধ্য হইতে সদস্য লইয়া সংসদ নিম্নলিখিত স্থায়ী কমিটিসমূহ নিয়োগ করিবেন :

- (ক) সরকারী হিসাব কমিটি ;
- (খ) বিশেষ-অধিকার কমিটি ; এবং
- (গ) সংসদের কার্যপ্রণালী-বিধিতে নির্দিষ্ট অন্যান্য স্থায়ী কমিটি।

(২) সংসদ এই অনুচ্ছেদের (১) দফায় উল্লিখিত কমিটিসমূহের অতিরিক্ত অন্যান্য স্থায়ী কমিটি নিয়োগ করিবেন এবং অনুরূপভাবে নিযুক্ত কোন কমিটি এই সংবিধান ও অন্য কোন আইন-সাপেক্ষে

- (ক) খসড়া বিল ও অন্যান্য আইনগত প্রস্তাব পরীক্ষা করিতে পারিবেন ;

২ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ১০ ধারাবলে "সংসদের প্রত্যেক অধিবেশনের প্রথম বৈঠকে" শব্দগুলি বিলুপ্ত।

(5) The Speaker or the Deputy Speaker, as the case may be, shall have the right to speak in, and otherwise to take part in, the proceedings of Parliament while any resolution for his removal from office is under consideration in Parliament, and shall be entitled to vote but only as a member.

(6) Notwithstanding the provisions of clause (2) the Speaker or, as the case may be, the Deputy Speaker, shall be deemed to continue to hold office until his successor has entered upon office.

75. (1) Subject to this Constitution—

Rules of procedure,
quorum, etc.

- (a) the procedure of Parliament shall be regulated by rules of procedure made by it, and until such rules are made shall be regulated by rules of procedure made by the President ;
- (b) a decision in Parliament shall be taken by a majority of the votes of the members present and voting, but the person presiding shall not vote except when there is an equality of votes, in which case he shall exercise a casting vote ;
- (c) no proceeding in Parliament shall be invalid by reason only that there is a vacancy in the membership thereof or that a person who was not entitled to do so was present at, or voted or otherwise participated in, the proceeding.

(2) If at any time during which Parliament is in session the attention of the person presiding is drawn to the fact that the number of members present is less than sixty, he shall either suspend the meeting until at least sixty members are present, or adjourn it.

76. (1) * * * Parliament shall appoint from among its members the following standing committees, that is to say—

Standing
committees of
Parliament.

- (a) a public accounts committee ;
- (b) committee of privileges ; and
- (c) such other standing committees as the rules of procedure of Parliament require.

(2) In addition to the committees referred to in clause (1), Parliament shall appoint other standing committees, and a committee so appointed may, subject to this Constitution and to any other law—

- (a) examine draft Bills and other legislative proposals ;

¹The words "At its first meeting in each session" were omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), s. 11.

- (খ) আইনের বলবৎকরণ পর্যালোচনা এবং অনুরূপ বলবৎকরণের জন্য ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিতে পারিবেন ;
- (গ) জনগুরুত্বসম্পন্ন বলিয়া সংসদ কোন বিষয় সম্পর্কে কমিটিকে অবহিত করিলে সেই বিষয়ে কোন মন্ত্রণালয়ের কার্য বা প্রশাসন সম্বন্ধে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবেন এবং কোন মন্ত্রণালয়ের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহের এবং প্রশ্নাদির মৌখিক বা লিখিত উত্তরলাভের ব্যবস্থা করিতে পারিবেন ;
- (ঘ) সংসদ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করিতে পারিবেন ।
- (৩) সংসদ আইনের দ্বারা এই অনুচ্ছেদের অধীন নিযুক্ত কমিটিসমূহকে
- (ক) সাক্ষীদের হাজিরা বলবৎ করিবার এবং শপথ, ঘোষণা বা অন্য কোন উপায়ের অধীন করিয়া তাহাদের সাক্ষ্যগ্রহণের ;
- (খ) দলিলপত্র দাখিল করিতে বাধ্য করিবার

ক্ষমতা প্রদান করিতে পারিবেন ।

ন্যায়পাল ।

৭৭। (১) সংসদ আইনের দ্বারা ন্যায়পালের পদ-প্রতিষ্ঠার জন্য বিধান করিতে পারিবেন ।

(২) সংসদ আইনের দ্বারা ন্যায়পালকে কোন মন্ত্রণালয়, সরকারী কর্মচারী বা সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের যে কোন কার্য সম্পর্কে তদন্তপরিচালনার ক্ষমতাসহ যেকোন ক্ষমতা কিংবা যেকোন দায়িত্ব প্রদান করিবেন, ন্যায়পাল সেইরূপ ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন ।

(৩) ন্যায়পাল তাহার দায়িত্বপালন সম্পর্কে বাৎসরিক রিপোর্ট প্রণয়ন করিবেন এবং অনুরূপ রিপোর্ট সংসদে উপস্থাপিত হইবে ।

সংসদ ও সদস্যদের
বিশেষ-অধিকার ও
দায়িত্ব।

৭৮। (১) সংসদের কার্যধারার বৈধতা সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না ।

(২) সংসদের যে সদস্য বা কর্মচারীর উপর সংসদের কার্যপ্রণালীনিয়ন্ত্রণ, কার্যপরিচালনা বা শৃঙ্খলারক্ষার ক্ষমতা ন্যস্ত থাকিবে, তিনি এই সকল ক্ষমতাপ্রয়োগ-সম্পর্কিত কোন ব্যাপারে কোন আদালতের এখতিয়ারের অধীন হইবেন না ।

(৩) সংসদে বা সংসদের কোন কমিটিতে কিছু বলা বা ভোটদানের জন্য কোন সংসদ-সদস্যের বিরুদ্ধে কোন আদালতে কার্যধারা গ্রহণ করা যাইবে না ।

(৪) সংসদ কর্তৃক বা সংসদের কর্তৃত্বে কোন রিপোর্ট, কাগজপত্র, ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোন ব্যক্তির বিরুদ্ধে কোন আদালতে কোন কার্যধারা গ্রহণ করা যাইবে না ।

(৫) এই অনুচ্ছেদ-সাপেক্ষে সংসদের আইন-দ্বারা সংসদের, সংসদের কমিটিসমূহের এবং সংসদ-সদস্যদের বিশেষ-অধিকার নির্ধারণ করা যাইতে পারিবে ।

সংসদ-সচিবালয় ।

৭৯। (১) সংসদের নিজস্ব সচিবালয় থাকিবে ।

(২) সংসদের সচিবালয়ে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সংসদ আইনের দ্বারা নির্ধারণ করিতে পারিবেন ।

(৩) সংসদ কর্তৃক বিধান প্রণীত না হওয়া পর্যন্ত স্পীকারের সহিত পরামর্শক্রমে রূপান্তরিত সংসদের সচিবালয়ে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ নির্ধারণ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন এবং অনুরূপভাবে প্রণীত বিধিসমূহ যে কোন আইনের বিধান-সাপেক্ষে কার্যকর হইবে ।

- (b) review the enforcement of laws and propose measures for such enforcement ;
 - (c) in relation to any matter referred to it by Parliament as a matter of public importance, investigate or inquire into the activities or administration of a Ministry and may require it to furnish, through an authorised representative, relevant information and to answer questions, orally or in writing ;
 - (d) perform any other function assigned to it by Parliament.
- (3) Parliament may by law confer on committees appointed under this article powers for—
- (a) enforcing the attendance of witnesses and examining them on oath, affirmation or otherwise ;
 - (b) compelling the production of documents.

77. (1) Parliament may, by law, provide for the establishment of the office of Ombudsman. Ombudsman.

(2) The Ombudsman shall exercise such powers and perform such functions as Parliament may, by law, determine, including the power to investigate any action taken by a Ministry, a public officer or a statutory public authority.

(3) The Ombudsman shall prepare an annual report concerning the discharge of his functions, and such report shall be laid before Parliament.

78. (1) The validity of the proceedings in Parliament shall not be questioned in any court. Privileges and immunities of Parliament and members.

(2) A member or officer of Parliament in whom powers are vested for the regulation of procedure, the conduct of business or the maintenance of order in Parliament, shall not in relation to the exercise by him of any such powers be subject to the jurisdiction of any court.

(3) A member of Parliament shall not be liable to proceedings in any court in respect of anything said, or any vote given, by him in Parliament or in any committee thereof.

(4) A person shall not be liable to proceedings in any court in respect of the publication by or under the authority of Parliament of any report, paper, vote or proceeding.

(5) Subject to this article, the privileges of Parliament and of its committees and member may be determined by Act of Parliament.

79. (1) Parliament shall have its own secretariat. Secretariat of Parliament.

(2) Parliament may, by law, regulate the recruitment and conditions of service of persons appointed to the secretariat of Parliament.

(3) Until provision is made by Parliament the President may, after consultation with the Speaker, make rules regulating the recruitment and condition of service of persons appointed to the secretariat of Parliament, and rules so made shall have effect subject to the provisions of any law.

২য় পরিচ্ছেদ—আইনপ্রণয়ন ও অর্থ-সংক্রান্ত পদ্ধতি

আইনপ্রণয়ন-পদ্ধতি।

৮০। (১) আইনপ্রণয়নের উদ্দেশ্যে সংসদে আনীত প্রত্যেকটি প্রস্তাব বিল-আকারে উপস্থাপিত হইবে।

(২) সংসদ কর্তৃক কোন বিল গৃহীত হইলে সম্মতির জন্য তাহা রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে।

(৩) রাষ্ট্রপতির নিকট কোন বিল পেশ করিবার পর পনের দিনের মধ্যে তিনি তাহাতে সম্মতিদান করিবেন^১ * * * কিংবা অর্থবিল ব্যতীত অন্য কোন বিলের ক্ষেত্রে বিলটি বা তাহার কোন বিশেষ বিধান পুনর্বিবেচনার কিংবা রাষ্ট্রপতি কর্তৃক নির্দেশিত কোন সংশোধনী বিবেচনার অনুরোধ জ্ঞাপন করিয়া একটি বার্তাসহ তিনি বিলটি সংসদে ফেরত দিতে পারিবেন; এবং রাষ্ট্রপতি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৪) রাষ্ট্রপতি যদি বিলটি অনুরূপভাবে সংসদে ফেরত পাঠান, তাহা হইলে সংসদ রাষ্ট্রপতির বার্তাসহ তাহা পুনর্বিবেচনা করিবেন; এবং সংশোধনীসহ বা সংশোধনী ব্যতিরেকে [মোট সংসদ-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা] সংসদ পুনরায় বিলটি গ্রহণ করিলে সম্মতির জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে এবং অনুরূপ উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন; এবং রাষ্ট্রপতি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৫) সংসদ কর্তৃক গৃহীত বিলটিতে রাষ্ট্রপতি সম্মতিদান করিলে বা তিনি সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইলে তাহা আইনে পরিণত হইবে এবং সংসদের আইন বলিয়া অভিহিত হইবে।

অর্থবিল।

৮১। (১) এই ভাগে "অর্থবিল" বলিতে কেবল নিম্নলিখিত বিষয়সমূহের সকল বা যে কোন একটি সম্পর্কিত বিধানাবলী-সংবলিত বিল বুঝাইবে :

- (ক) কোন কর আরোপ, নিয়ন্ত্রণ, রদবদল, মকুফ বা রহিতকরণ;
- (খ) সরকার কর্তৃক ঋণগ্রহণ বা কোন গ্যারান্টিদান, কিংবা সরকারের আর্থিক দায়-দায়িত্ব সম্পর্কিত আইন সংশোধন;
- (গ) সংযুক্ত তহবিলের রক্ষণাবেক্ষণ, অনুরূপ তহবিলে অর্থপ্রদান বা অনুরূপ তহবিল হইতে অর্থ দান বা নির্দিষ্টকরণ;
- (ঘ) সংযুক্ত তহবিলের উপর দায় আরোপ কিংবা অনুরূপ কোন দায় রদবদল বা বিলোপ;
- (ঙ) সংযুক্ত তহবিল বা প্রজাতন্ত্রের সরকারী হিসাব বাবদ অর্থপ্রাপ্তি, কিংবা অনুরূপ অর্থ রক্ষণাবেক্ষণ বা দান, কিংবা সরকারের হিসাব-নিরীক্ষা;

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে "কিংবা তাহাতে সম্মতিদানে বিরত রহিলেন বলিয়া ঘোষণা করিবেন" শব্দগুলি বিলুপ্ত।

^২ উপরোক্ত আদেশবলে সল্লিস্বৈশিত।

CHAPTER II—LAGISLATIVE AND FINANCIAL PROCEDURES

80. (1) Every proposal in Parliament for making a law shall be made in the form of a Bill. Legislative procedure.

(2) When a Bill is passed by Parliament it shall be presented to the President for assent.

(3) The President, within fifteen days after a Bill is presented to him, shall assent to the Bill¹ or, in the case of a Bill other than a Money Bill may return it to Parliament with a message requesting that the Bill or any particular provisions thereof be reconsidered and that any amendments specified by him in the message be considered ; and if he fails so to do he shall be deemed to have assented to the Bill at the expiration of that period.

(4) If the President so returns the Bill Parliament shall consider it together with the President's message, and if the Bill is again passed by Parliament with or without amendments²[by the votes of a majority of the total number of members of Parliament], it shall be presented to the President for his assent, whereupon the President shall assent to the Bill within the period of seven days after it has been presented to him, and if he fails to do so he shall be deemed to have assented to the Bill on the expiration of that period.

(5) When the President has assented or is deemed to have assented to a Bill passed by Parliament it shall become law and shall be called an Act of Parliament.

81. (1) In this Part "Money Bill" means a Bill containing only provisions dealing with all or any of the following matters— Money Bills.

- (a) the imposition, regulation, alteration, remission or repeal of any tax ;
- (b) the borrowing of money or the giving of any guarantee by the Government, or the amendment of any law relating to the financial obligations of the Government ;
- (c) the custody of the Consolidated Fund, the payment of money into, or the issue or appropriation of moneys from, that Fund ;
- (d) the imposition of a charge upon the Consolidated Fund or the alteration or abolition of any such charge ;
- (e) the receipt of moneys on account of the Consolidated Fund or the Public Account of the Republic, or the custody or issue of such moneys, or the audit of the accounts of the Government ;

¹ The words "or declare that he withholds assent therefrom" were omitted by the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978).

² Inserted, *ibid.*

(৮) উপরি-উক্ত উপ-দফাসমূহে নির্ধারিত যে কোন বিষয়ের অধীন কোন আনুযায়িক বিষয়।

(২) কোন জরিমানা বা অন্য অর্থদণ্ড আরোপ বা রদবদল, কিংবা লাইসেন্স-ফি বা কোন কার্যের জন্য ফি বা উসুল আরোপ বা প্রদান কিংবা স্থানীয় উদ্দেশ্যসাধনকল্পে কোন স্থানীয় কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান কর্তৃক কোন কর আরোপ, নিয়ন্ত্রণ, রদবদল, মকুফ বা রহিতকরণের বিধান করা হইয়াছে, কেবল এই কারণে কোন বিল অর্থবিল বলিয়া গণ্য হইবে না।

(৩) রাষ্ট্রপতির সম্মতির জন্য তাঁহার নিকট পেশ করিবার সময়ে প্রত্যেক অর্থবিলে স্পীকারের স্বাক্ষরে এই মর্মে একটি সার্টিফিকেট থাকিবে যে, তাহা একটি অর্থবিল, এবং অনুরূপ সার্টিফিকেট সকল বিষয়ে চূড়ান্ত হইবে এবং সেই সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

আর্থিক ব্যবস্থাবলী
সুপারিশ।

৮২। সরকারী অর্থব্যয়ের প্রশ্ন জড়িত রহিয়াছে, এমন কোন অর্থবিল বা বিল রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত সংসদে উত্থাপন করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, কোন কর হ্রাস বা বিলোপের বিধান-সংবলিত কোন সংশোধনী উত্থাপনের জন্য এই অনুচ্ছেদের অধীন সুপারিশের প্রয়োজন হইবে না।

সংসদের আইন
ব্যতীত করআরোপে
বাধা।

৮৩। সংসদের কোন আইনের দ্বারা বা কর্তৃত্ব ব্যতীত কোন কর আরোপ বা সংগ্রহ করা যাইবে না।

সংযুক্ত তহবিল ও
প্রজাতন্ত্রের সরকারী
হিসাব।

৮৪। (১) সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণপরিশোধ হইতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ একটি মাত্র তহবিলের অংশে পরিণত হইবে এবং তাহা "সংযুক্ত তহবিল" নামে অভিহিত হইবে।

(২) সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত অন্য সকল সরকারী অর্থ প্রজাতন্ত্রের সরকারী হিসাবে জমা হইবে।

সরকারী অর্থের
নিয়ন্ত্রণ।

৮৫। সরকারী অর্থের রক্ষণাবেক্ষণ, ক্ষেত্রমত সংযুক্ত তহবিলে অর্থপ্রদান বা তাহা হইতে অর্থপ্রত্যাহার কিংবা প্রজাতন্ত্রের সরকারী হিসাবে অর্থপ্রদান বা তাহা হইতে অর্থপ্রত্যাহার এবং উপরি-উক্ত বিষয়সমূহের সহিত সংশ্লিষ্ট বা আনুযায়িক সকল বিষয় সংসদের আইন-দ্বারা এবং অনুরূপ আইনের বিধান না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বিধিসমূহ-দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

প্রজাতন্ত্রের সরকারী
হিসাবে প্রদেয় অর্থ।

৮৬। প্রজাতন্ত্রের সরকারী হিসাবে জমা হইবে—

(ক) রাজস্ব কিংবা এই সংবিধানের ৮৪ অনুচ্ছেদের (১) দফার কারণে যেরূপ অর্থ সংযুক্ত তহবিলের অংশে পরিণত হইবে, তাহা ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কিংবা প্রজাতন্ত্রের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট কোন ব্যক্তি কর্তৃক প্রাপ্ত বা ব্যক্তির নিকট জমা রহিয়াছে, এইরূপ সকল অর্থ; অথবা

(খ) যে কোন মোকদ্দমা, বিষয়, হিসাব বা ব্যক্তি বাবদ যে কোন আদালত কর্তৃক প্রাপ্ত বা আদালতের নিকট জমা রহিয়াছে, এইরূপ সকল অর্থ।

বার্ষিক আর্থিক
বিবৃতি।

৮৭। (১) প্রত্যেক অর্থ-বৎসর সম্পর্কে উক্ত বৎসরের জন্য সরকারের অনুমিত আয় ও ব্যয়-সংবলিত একটি বিবৃতি (এই ভাগে "বার্ষিক আর্থিক বিবৃতি" নামে অভিহিত) সংসদে উপস্থাপিত হইবে।

(f) any subordinate matter incidental to any of the matter specified in the foregoing sub-clauses.

(2) A Bill shall not be deemed to be a Money Bill by reason only that it provides for the imposition or alteration of any fine or other pecuniary penalty, or for the levy or payment of a licence fee or a fee or charge for any service rendered, or by reason only that it provides for the imposition, regulation, alteration, remission or repeal of any tax by a local authority or body for local purposes.

(3) Every Money Bill shall, when it is presented to the President for his assent, bear a certificate under the hand of the Speaker that it is a Money Bill, and such certificate shall be conclusive for all purposes and shall not be questioned in any court.

82. No Money Bill, or any Bill which involves expenditure from public moneys, shall be introduced into Parliament except on the recommendation of the President :

Recommendation for financial measures.

Provided that no recommendation shall be required under this article for the moving of an amendment making provision for the reduction or abolition of any tax.

83. No tax shall be levied or collected except by or under the authority of an Act of Parliament.

No taxation except by or under Act of Parliament.

84. (1) All revenues received by the Government, all loans raised by the Government, and all moneys received by it in repayment of any loan, shall form part of one fund to be known as the Consolidated Fund.

Consolidated Fund and the Public Account of the Republic.

(2) All other public moneys received by or on behalf of the Government shall be credited to the Public Account of the Republic.

85. The custody of public moneys, their payment into and the withdrawal from the Consolidated Fund or, as the case may be, the Public Account of the Republic, and matters connected with or ancillary to the matters aforesaid, shall be regulated by Act of Parliament, and until provision in that behalf is so made, by rules made by the President.

Regulation of public moneys.

86. All moneys received by or deposited with—

Moneys payable to Public Account of Republic.

(a) any person employed in the service of the Republic or in connection with the affairs of the Republic other than revenues or moneys which by virtue of clause (1) of article 84 shall form part of the Consolidated Fund ; or

(b) any court to the credit of any cause, matter, account or persons,

shall be paid into the Public Account of the Republic.

87. (1) There shall be laid before Parliament, in respect of each financial year, a statement of the estimated receipts and expenditure of the Government for that year, in this Part referred to as the annual financial statement.

Annual financial statement.

(২) বার্ষিক আর্থিক বিবৃতিতে পৃথক পৃথকভাবে

- (ক) এই সংবিধানের দ্বারা বা অধীন সংযুক্ত তহবিলের উপর দায়রূপে বর্ণিত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ, এবং
(খ) সংযুক্ত তহবিল হইতে ব্যয় করা হইবে, এইরূপ প্রস্তাবিত অন্যান্য ব্যয়নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ

প্রদর্শিত হইবে এবং অন্যান্য ব্যয় হইতে রাজস্বখাতের ব্যয় পৃথক করিয়া প্রদর্শিত হইবে।

সংযুক্ত তহবিলের
উপর দায়।

৮৮। সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় নিম্নরূপ হইবে :

(ক) রাষ্ট্রপতিকে দেয় পারিশ্রমিক ও তাহার দপ্তর-সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় ;

* * * * *

- (খ) (অ) স্পীকার ও ডেপুটি স্পীকার,
(আ) সুপ্রীম কোর্টের বিচারকগণ,
(ই) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক,
(ঈ) নির্বাচন কমিশনারগণ,
(উ) সরকারী কর্ম কমিশনের সদস্যদিগকে
দেয় পারিশ্রমিক ;

(গ) সংসদ, সুপ্রীম কোর্ট, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর, নির্বাচন কমিশন এবং সরকারী কর্ম কমিশনের কর্মচারীদিগকে দেয় পারিশ্রমিকসহ প্রশাসনিক ব্যয় ;

(ঘ) সুদ, পরিশোধ-তহবিলের দায়, মূলধন পরিশোধ বা তাহার ক্রম-পরিশোধ এবং ঋণসংগ্রহ-ব্যপদেশে ও সংযুক্ত তহবিলের জামানতে গৃহীত ঋণের মোচন-সংক্রান্ত অন্যান্য ব্যয়সহ সরকারের ঋণ-সংক্রান্ত সকল দেনার দায় ;

(ঙ) কোন আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক প্রজাতন্ত্রের বিরুদ্ধে প্রদত্ত কোন রায়, ডিক্রী বা রোয়েদাদ কার্যকর করিবার জন্য প্রয়োজনীয় যে কোন পরিমাণ অর্থ ; এবং

(চ) এই সংবিধান বা সংসদের আইন-দ্বারা অনুরূপ দায়যুক্ত বলিয়া ঘোষিত অন্য যে কোন ব্যয়।

বার্ষিক আর্থিক বিবৃতি
সম্পর্কিত পদ্ধতি।

৮৯। (১) সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয়-সম্পর্কিত বার্ষিক আর্থিক বিবৃতির অংশ সংসদে আলাচনা করা হইবে, কিন্তু তাহা ভোটের আওতাভুক্ত হইবে না।

(২) অন্যান্য ব্যয়-সম্পর্কিত বার্ষিক আর্থিক বিবৃতির অংশ মঞ্জুরী-দাবীর আকারে সংসদে উপস্থাপিত হইবে এবং কোন মঞ্জুরী-দাবীতে সম্মতিদানের বা সম্মতিদানে অস্বীকৃতির কিংবা মঞ্জুরী-দাবীতে নির্ধারিত অর্থ হ্রাস-সাপেক্ষে তাহাতে সম্মতিদানের ক্ষমতা সংসদের থাকিবে।

(৩) রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত কোন মঞ্জুরী দাবী করা যাইবে না।

* সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১। (১৯৯১ সনের ২৮ নং আইন)–এর ৮ ধারাবলে (ক) সফা দিলুত্র।

(2) The annual financial statement shall show separately—

- (a) the sums required to meet expenditure charged by or under this Constitution upon the Consolidated Fund; and
- (b) the sums required to meet other expenditure proposed to be made from the Consolidated Fund ;

and shall distinguish expenditure on revenue account from other expenditure.

88. The following expenditure shall be charged upon the Consolidated Fund— Charges on Consolidated Fund.

- (a) the remuneration payable to the President and other expenditure relating to his office ;
- (b) the remuneration payable to—
 - (i) the Speaker and Deputy Speaker;
 - (ii) the Judges of the ²{Supreme Court ³ * *};
 - (iii) the Comptroller and Auditor-General ;
 - (iv) the Election Commissioners ;
 - (v) the members of the Public Service Commissions ;
- (c) the administrative expenses of , including remuneration payable to, officers and servants of Parliament, the Supreme Court ⁴ * , the Comptroller and Auditor-General, the Election Commission and the Public Service Commissions ;
- (d) all debt charges for which the Government is liable, including interest, sinking fund charges, the repayment or amortisation of capital, and other expenditure in connection with the raising of loans and the service and redemption of debt ;
- (e) any sums required to satisfy a judgment, decree or award against the Republic by any court or tribunal ; and
- (f) any other expenditure charged upon the Consolidated Fund by this Constitution or by Act of Parliament.

89. (1) So much of the annual financial statement as relates to other expenditure charged upon the Consolidated Fund may be discussed in, but shall not be submitted to the vote of, Parliament. Procedure relating to annual financial statement.

(2) So much of the annual financial statement as relates to other expenditure shall be submitted to Parliament in the form of demands for grants, and Parliament shall have power to assent to or to refuse to assent to any demand, or to assent to it subject to a reduction of the amount specified therein.

(3) No demand for a grant shall be made except on the recommendation of the President.

¹ Clause (aa) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 8.

² Submitted for the words "Supreme Court" by the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order No. IV of 1976).

³ The words "and High Court" were omitted by the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977).

⁴ The comma and words ", the High Court" were omitted, *ibid.*

নির্দিষ্টকরণ আইন।

৯০। (১) সংসদ কর্তৃক এই সংবিধানের ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরী-দানের পর সংযুক্ত তহবিল হইতে নিম্নলিখিত ব্যয়নির্বাহের জন্য প্রয়োজনীয় সকল অর্থ নির্দিষ্টকরণের বিধান-সংবলিত একটি বিল যথাশীঘ্র সংসদে উত্থাপন করা হইবে :

- (ক) সংসদ কর্তৃক প্রদত্ত অনুরূপ মঞ্জুরী ; এবং
- (খ) সংসদে উপস্থাপিত বিবৃতিতে প্রদর্শিত অর্থের অনধিক সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয়।

(২) অনুরূপ কোন বিল সম্পর্কে সংসদে এমন কোন সংশোধনীর প্রস্তাব করা হইবে না, যাহার ফলে অনুরূপভাবে প্রদত্ত কোন মঞ্জুরীর পরিমাণ বা উদ্দেশ্য কিংবা সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয়ের পরিমাণ পরিবর্তিত হইয়া যায়।

(৩) এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে সংযুক্ত তহবিল হইতে এই অনুচ্ছেদের বিধানাবলী-অনুযায়ী গৃহীত আইনের দ্বারা নির্দিষ্টকরণ ব্যতীত কোন অর্থ প্রত্যাহার করা হইবে না।

সম্পূরক ও অতিরিক্ত
মঞ্জুরী।

৯১। কোন অর্থ-বৎসর প্রসঙ্গে যদি দেখা যায় যে,

- (ক) চলিত অর্থ-বৎসরে নির্দিষ্ট কোন কর্মবিভাগের জন্য অনুমোদিত ব্যয় অপরিপূর্ণ হইয়াছে কিংবা ঐ বৎসরের বার্ষিক আর্থিক বিবৃতিতে অন্তর্ভুক্ত হয় নাই, এমন কোন নূতন কর্মবিভাগের জন্য ব্যয় নির্বাহের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে, অথবা
- (খ) কোন অর্থ-বৎসরে কোন কর্মবিভাগের জন্য মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ ঐ বৎসরে উক্ত কর্মবিভাগের জন্য ব্যয়িত হইয়াছে,

তাহা হইলে এই সংবিধানের দ্বারা বা অধীন সংযুক্ত তহবিলের উপর ইহাকে দায়যুক্ত করা হউক বা না হউক, সংযুক্ত তহবিল হইতে এই ব্যয় নির্বাহের কর্তৃত্ব প্রদান করিবার ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে এবং রাষ্ট্রপতি ক্ষেত্রমত এই ব্যয়ের অনুমিত পরিমাণ-সংবলিত একটি সম্পূরক আর্থিক বিবৃতি কিংবা অতিরিক্ত ব্যয়ের পরিমাণ-সংবলিত একটি অতিরিক্ত আর্থিক বিবৃতি সংসদে উপস্থাপনের ব্যবস্থা করিবেন এবং বার্ষিক আর্থিক বিবৃতির ন্যায় উপরি-উক্ত বিবৃতির ক্ষেত্রে (প্রয়োজনীয় উপযোগীকরণসহ) এই সংবিধানের ৮৭ হইতে ৯০ পর্যন্ত অনুচ্ছেদসমূহ প্রযোজ্য হইবে।

হিসাব, ঋণ প্রভৃতির
উপর ভেট।

৯২। (১) এই পরিচ্ছেদের উপরি-উক্ত বিধানাবলীতে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও

- (ক) মঞ্জুরীর উপর ভোটদান সম্পর্কে এই সংবিধানের ৮৯ অনুচ্ছেদে নির্ধারিত পদ্ধতি সম্পন্ন না হওয়া পর্যন্ত এবং ঐ ব্যয় সম্পর্কিত ৯০ অনুচ্ছেদের বিধানাবলী-অনুযায়ী আইন গৃহীত না হওয়া পর্যন্ত কোন অর্থ বৎসরের কোন অংশের জন্য অনুমিত ব্যয়ের অগ্রিম মঞ্জুরীদানের ক্ষমতা সংসদের থাকিবে ;

90. (1) As soon as may be after the grants under article 89 have been made by Parliament there shall be introduced in Parliament a Bill to provide for appropriation out of the Consolidated Fund of all moneys required to meet—

Appropriation Act.

- (a) the grants so made by Parliament ; and
- (b) the expenditure charged on the Consolidated Fund but not exceeding in any case the amount shown in the annual financial statement laid before Parliament.

(2) No amendment shall be proposed in Parliament to any such Bill which has the effect of varying the amount of any grant so made or altering the purpose to which it is to be applied, or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund.

(3) Subject to the provisions of this Constitution no money shall be withdrawn from the Consolidated Fund except under appropriation made by law passed in accordance with the provisions of this article.

91. If in respect of any financial year it is found—

Supplementary and excess grants.

- (a) that the amount authorised to be expended for a particular service for the current financial year is insufficient or that a need has arisen for expenditure upon some new service not included in the annual financial statement for that year ; or
- (b) that any money has been spent on a service during a financial year in excess of the amount granted for that service for that year ;

the President shall have power to authorise expenditure from the Consolidated Fund whether or not it is charged by or under the Constitution upon that Fund and shall cause to be laid before Parliament a supplementary financial statement setting out the estimated amount of the expenditure or, as the case may be, an excess financial statement setting out the amount of the excess, and the provisions of articles 87 to 90 shall (with the necessary adaptations) apply in relation to those statements as they apply in relation to the annual financial statement.

92. (1) Notwithstanding anything in the foregoing provisions of this Chapter, Parliament shall have power—

Votes of account, votes of credit, etc.

- (a) to make any grant in advance in respect of the estimated expenditure for a part of any financial year pending the completion of the procedure prescribed in article 89 for the voting of such grant and the passing of a law in accordance with the provisions of article 90 in relation to that expenditure ;

(খ) কোন কার্যের বিশালতা বা অনির্দিষ্ট বৈশিষ্ট্যের জন্য বার্ষিক আর্থিক বিবৃতিতে সাধারণভাবে প্রদত্ত বিস্তারিত বৃত্তান্তের সহিত অনুরূপ কার্য-সংক্রান্ত ব্যয়দাবী নির্ধারিত করা সম্ভব না হইলে প্রজাতন্ত্রের সম্পদ হইতে অনুরূপ অপ্রত্যাশিত ব্যয়নির্বাহের জন্য মঞ্জুরীদানের ক্ষমতা সংসদের থাকিবে ;

(গ) কোন অর্থ-বৎসরের চলিত ব্যয়ের অংশ নয়, এইরূপ ব্যতিক্রমী মঞ্জুরীদানের ক্ষমতা সংসদের থাকিবে ;

এবং যে উদ্দেশ্যে অনুরূপ মঞ্জুরীদান করা হইয়াছে, তাহা সাধনকল্পে সংযুক্ত তহবিল হইতে আইনের দ্বারা অর্থ প্রত্যাহারের কর্তৃত্ব প্রদানের ক্ষমতা সংসদের থাকিবে ।

(২) বার্ষিক আর্থিক বিবৃতিতে উল্লিখিত কোন ব্যয়-সম্পর্কিত মঞ্জুরীদানের ক্ষেত্রে এবং অনুরূপ ব্যয় নির্বাহের উদ্দেশ্যে সংযুক্ত তহবিল হইতে অর্থ নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীতব্য আইনের ক্ষেত্রে এই সংবিধানের ৮৯ ও ৯০ অনুচ্ছেদের বিধানাবলী যেরূপ সক্রিয় হইবে, বর্তমান অনুচ্ছেদের (১) দফার অধীন কোন মঞ্জুরীদানের ক্ষেত্রে এবং ঐ দফার অধীন প্রণীতব্য কোন আইনের ক্ষেত্রেও উক্ত অনুচ্ছেদদ্বয় সমভাবে কার্যকর হইবে ।

(৩) এই পরিচ্ছেদের উপরি-উক্ত বিধানাবলীতে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও যদি কোন অর্থ-বৎসর প্রসংগে সংসদ—

(ক) উক্ত বৎসর আরম্ভ হওয়ার পূর্বে এই সংবিধানের ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদান এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে এবং এই অনুচ্ছেদের অধীন কোন অগ্রিম মঞ্জুরীদান না করিয়া থাকে ; অথবা

(খ) কোন ক্ষেত্রে এই অনুচ্ছেদের অধীন কোন মেয়াদের জন্য কোন অগ্রিম মঞ্জুরী দেওয়া হইয়া থাকিলে সেই মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদানে এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে,

তাহা হইলে রত্নপতি প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে, আদেশের দ্বারা অনুরূপ মঞ্জুরীদান না করা এবং আইন গৃহীত না হওয়া পর্যন্ত, ঐ বৎসরের অনধিক ষাট দিন মেয়াদ পর্যন্ত উক্ত বৎসরের আর্থিক বিবৃতিতে উল্লিখিত ব্যয় নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রত্যাহারের কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন ।

* * * * *

^১ সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ৯ ধারাবলে সংশোধিত ।

^২ উপরোক্ত আইনের ১০ ধারাবলে "৯২ক : কর্তৃত্ব ক্ষেত্রে ব্যয়ের কর্তৃত্ব প্রদান" অনুচ্ছেদটি বিলুপ্ত ।

- (b) to make a grant for meeting an unexpected demand upon the resources of the Republic when on account of the magnitude or the indefinite character of the service the demand cannot be specified with the details ordinarily given in an annual financial statement ;
- (c) to make an exceptional grant which forms no part of the current service of any financial year ;

and Parliament shall have power to authorise by law the withdrawal of moneys from the Consolidated Fund for the purposes for which such grants are made.

(2) The provisions of articles 89 and 90 shall have effect in relation to the making of any grant under clause (1), and to any law to be made under that clause, as they have effect in relation to the making of a grant with regard to any expenditure mentioned in the annual financial statement and to the law to be made for the authorisation of appropriation of moneys out of the Consolidated Fund to meet such expenditure.

¹[(3) Notwithstanding anything contained in the foregoing provisions of this Chapter, if, in respect of a financial year, Parliament—

(a) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the beginning of that year and has not also made any grant in advance under this article ; or

(b) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the expiration of the period for which the grants in advance, if any, were made under this article, the President may, upon the advice of the Prime Minister, by order, authorise the withdrawal from the Consolidated Fund moneys necessary to meet expenditure mentioned in the financial statement for that year for a period not exceeding sixty days in that year, pending the making of the grants and passing of the law.]

¹ Added by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), s. 9.

²Article 92A, Authorisation of expenditure in certain cases' was omitted, *ibid.*, s. 10.

৩য় পরিচ্ছেদ—অধ্যাদেশপ্রণয়ন-ক্ষমতা

অধ্যাদেশপ্রণয়ন-
ক্ষমতা।

৯৩। (১) সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত কোন সময়ে রাষ্ট্রপতির নিকট আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি উক্ত পরিস্থিতিতে যেরূপ প্রয়োজনীয় বলিয়া মনে করিবেন, সেইরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিতে পারিবেন এবং জারী হইবার সময় হইতে অনুরূপভাবে প্রণীত অধ্যাদেশ সংসদের আইনের ন্যায় ক্ষমতাসম্পন্ন হইবে :

তবে শর্ত থাকে যে, এই দফার অধীন কোন অধ্যাদেশে এমন কোন বিধান করা হইবে না,

- (ক) যাহা এই সংবিধানের অধীন সংসদের আইন-দ্বারা আইনসজাতভাবে করা যায় না ;
- (খ) যাহাতে এই সংবিধানের কোন বিধান পরিবর্তিত বা রহিত হইয়া যায় : অথবা,
- (গ) যাহার দ্বারা পূর্বে প্রণীত কোন অধ্যাদেশের যে কোন বিধানকে অব্যাহতভাবে বলবৎ করা যায়।

(২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত কোন অধ্যাদেশ জারী হইবার পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে তাহা উপস্থাপিত হইবে এবং ইতঃপূর্বে বাতিল না হইয়া থাকিলে অধ্যাদেশটি অনুরূপভাবে উপস্থাপনের পর ত্রিশ দিন অতিবাহিত হইলে কিংবা অনুরূপ মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে তাহা অননুমোদন করিয়া সংসদে প্রস্তাব গৃহীত হইলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাইবে।

(৩) সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় কোন সময়ে রাষ্ট্রপতির নিকট ব্যবস্থা-গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি এমন অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিতে পারিবেন, যাহাতে সংবিধান-দ্বারা সংযুক্ত তহবিলের উপর কোন ব্যয় দায়যুক্ত হউক বা না হউক, উক্ত তহবিল হইতে সেইরূপ ব্যয়নির্বাহের কর্তৃত্ব প্রদান করা যাইবে এবং অনুরূপভাবে প্রণীত কোন অধ্যাদেশ জারী হইবার সময় হইতে তাহা সংসদের আইনের ন্যায় ক্ষমতাসম্পন্ন হইবে।

(৪) এই অনুচ্ছেদের (৩) দফার অধীন জারীকৃত প্রত্যেক অধ্যাদেশ যথাসীঘ্র সংসদে উপস্থাপিত হইবে এবং সংসদ পুনর্গঠিত হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে এই সংবিধানের ৮৭, ৮৯ ও ৯০ অনুচ্ছেদসমূহের বিধানাবলী প্রয়োজনীয় উপযোগীকরণসহ পালিত হইবে।

^১ The Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) এর 2nd Schedule বলে "সংসদের অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

CHAPTER III—ORDINANCE MAKING POWER

93. (1) At any time when ¹[Parliament stands dissolved or is not in session], if the President is satisfied that circumstances exist which render immediate action necessary, he may make and promulgate such Ordinances (as the circumstances) appear to him to require, and any Ordinance so made shall, as from its promulgation have the like force of law as an Act of Parliament :

Ordinance making power.

Provided that no Ordinance under this clause shall make any provision—

- (i) which could not lawfully be made under this Constitution by Act of Parliament ;
- (ii) for altering or repealing any provision of this Constitution ; or
- (iii) continuing in force any provision of an Ordinance previously made.

(2) An Ordinance made under clause (1) shall be laid before Parliament at its first meeting following the promulgation of the Ordinance and shall, unless it is earlier repealed, cease to have effect at the expiration of thirty days after it is so laid or, if a resolution disapproving of the Ordinance is passed by Parliament before such expiration, upon the passing of the resolution.

(3)^{*} At any time when Parliament stands dissolved the President may, if he is satisfied that circumstances exist which render such action necessary, make and promulgate an Ordinance authorising expenditure from the Consolidated Fund, whether the expenditure is charged by the Constitution upon that fund or not, and any Ordinance so made shall, as from its promulgation, have the like force of law as an Act of Parliament.

(4) Every Ordinance promulgated under clause (3) shall be laid before Parliament as soon as may be, and the provisions of articles 87 and 90 shall, with necessary adaptations, be complied with in respect thereof within thirty days of the reconstitution of Parliament.

¹Substituted for the words 'Parliament is not in session' by the Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. 1 of 1977).